'কন্যা বিদায় পর্ব' এটিও স্ত্রী-আচারে ভরপুর। এই সময়ে পরিবেশ থাকে সুখ-দুঃখ, হাসি-কান্নার মিশ্র অনুভূতিতে ভরা। মেয়েটি যে তার নতুন জীবনে পা রাখতে চলেছে এই বিষয়টিকে স্বাগত জানিয়ে সকলে যেমন আনন্দ পান, তেমনি মেয়েটিকে কাছ ছাড়া করতেও তাদের মন ভেঙে যায়। আর মেয়েটিও তার একান্ত নিজের বলে জানা বা বেড়ে ওঠার পরিবার-পরিজন, বন্ধু-বান্ধব সবাইকে ছেড়ে এক অচেনা অজানা জগতে প্রবেশ করতে যায়। তাই সে একদিকে হারানো, অন্যদিকে নতুন কিছু পাওয়া সব মিলিয়ে ভয় -আনন্দ মেশানো এক অদ্ভুত মানষিক অবস্থার মধ্যে থাকে। এসব চিত্রই ফুটে ওঠে কিছু গানে -
লাল লোটনের সুরুজেরই ছটা মা
আমায় জলদি বিদায় দাও।।

কনেকে বিয়ের সাজে সাজানো এটা বিয়েবাড়িতে একটা বিশেষ অনুষ্ঠান। এই পর্যায়ের গানে হিন্দু -মুসলমান উভয় সম্প্রদায়ের গানই মিলেমিশে একাকার হয়েগেছে।

গান:- ঝুকু ঝুকু করিলে অন্তরে মোর বান্ধিয়া
না জানি মোর গৌরীপুরের হারে, নিরমল নিলায়না -

বধূ-বরণ করা এটিও একটি গুরুত্বপূর্ণ অনুষ্ঠান পাত্রপক্ষের বাড়িতে। এই সময় চলে নানা রকম স্ত্রী-আচার এবং রঙ্গ-রসিকতা, ব্যাঙ্গ-বিদ্রুপ সহকারে গান-

কুথেকার(কোথাকার) হাঁস্যাকার(দীর্ঘকাল অভুক্ত) আইসাছে।
এককুলা ছাইয়ের লাইগ্যা বইস্যা আছে, তার মুখে ছাই তুইল্যা দে।

মুসলমান সমাজের মেয়েরা মুলতঃ পর্দানসীন, বাইরের জগতের সাথে মেলামেশায় অনেক বেশী রক্ষনশীল তারা। তাই বাড়িতে কোন অনুষ্ঠান হলে বিশেষত বিয়ের মতো অনুষ্ঠান, তখন বাড়ির অন্দরমহলে যে আনন্দের ঢেউ ওঠে তা সম্পূর্নভাবে উপভোগ করতে চান বাড়ির মহিলামহল। তারা নিজেরাই নানা রকম আচার নিয়ম তৈরী করেন যেখানে পুরুষের কোন ভূমিকা থাকে না, যেখানে তাদের সিদ্ধান্তই চূড়ান্ত। বিয়ের শুরু থেকে শেষ অবধি চলে অফুরন্ত নাচ-গানের পর্ব। সুযোগ পেলেই তারা দল বেঁধে শুরু করেন গান ও প্রায়শই তার সঙ্গে চলে ঘরোয়া নাচ। কখনো কখনো এই সকল মজার অনুষ্ঠানে সামিল হন বাড়ির কিছু কিছু পুরুষেরাও। এই সব গানে যেমন থাকে রঙ্গ-রসিকতা, ব্যাঙ্গ-বিদ্রুপ, আবার কখনো কখনো প্রকাশিত হয় মহিলা মহলের নানা অভিজ্ঞতা, হতাশা, বেদনা। বিয়ের গানকে বিশ্লেষণ করলে তাতে কাব্যিকগুণ খুব একটা পরিলক্ষিত না হলেও তাতে থাকে সহজ সরল মনের স্বতঃস্ফুর্ত আবেগের প্রকাশ। ফুটে ওঠে তৎকালীন সমাজচিত্র, আর্থ -সামাজিক পরিকাঠামো, পারিবারিক চিত্র ইত্যাদি। এবারে কিছু গান সংকলিত হল যা বিভিন্ন সময়ে গাওয়া হয় কখনো ঢোলক বাজিয়ে এবং নৃত্য সহযোগে।

গান:- ১) ছায়া ঢোলক বাজায়ছে, গোরি নাচে কদমতলাতে।
গোরির মাথার টায়রা মাথায় মানাছে, গোরি নাচে কদমতলাতে।।
২) ছিমছাম তুলিতে গেলাম নাচিতে হে শ্যাম, কোলে ঘুমাইল জাদু হে শ্যাম ।।
৩) অরুণ বনে বাজছে বাঁশি, চল শ্যাম দেখে আসি। বাঁশির সুরে মন মানে না রে

আদিবাসী জনজীবনে বিয়ের গান :-

তামাং জনজীবনের বিয়ের গানঃ- বিয়ের পর বর-বধূকে আশীর্বাদ করার সময় গাওয়া গান:-

মাত্রে ডাকে খুইয়ু রাং, ভ্রগুন চুরগুন নামে রাং
থুগু তাওয়ার খুইয়ু রাং, দুপ্পুর কুমডা নামে রাং.....

ভাবার্থ: হিমালয়ের সব পাখিরা যেমন প্রেম ভালোবাসা সহকারে জোর বেঁধে থাকে- সেই রকম তোমারাও চিরকাল অর্থাৎ যতদিন জীবিত থাকবে ততদিন একসঙ্গে সুখে থাকবে এটাই আমাদের কামনা।

লিম্বু জনজীবনে বিয়ের গানঃ- সিঁদুর দানের সময় গাওয়া গান:-

নিহারো হংসিং-কে সাহারে, থকলাগেন পুবুং মেন লাদতে
শেষেনু পাবো ইয়ং লারো বাং, নিহারো হংসিং-কে সাহারে.....

ভাবার্থ: লিম্বুরা নানা রকম বাজনা বাজিয়ে নব বর-বঁধুকে আশীর্বাদ করেন, যেন তারা তাদের বিবাহিত জীবন ভালভাবে কাটাতে পারে, সারা জীবন যেন একসঙ্গে থাকতে পারে।

মুন্ডা জীবনে বিয়ের গানঃ- বরের বিয়ে করতে যাওয়ার সময়ের গান:-

সোবেন কো জুতা লাল পিয়ার , বাবুরা জুতা সাদারে \ বাবু সেলো তালায় শশুরাল , বাবু ভাইয়া

জুতা পিট সেনো জানাই বাবু, জুতা নাম কেদাম রে \ বাবু সেলো তালায় শশুরাল, বাবু ভাইয়া।

ভাবার্থ: সকলের জুতার রঙ লাল তবে বরের জুতার রঙ সাদা, বর শশুরবাড়ি যাচ্ছে। জুতা যেখানে পাওয়া যায় সেই বাজারে গিয়ে জুতা পাওয়া গেছে, বর শশুরবাড়ি যাচ্ছে, বর ভাইয়া।।

মাহাতোদের গানঃ-

১) **ছাদনা তলায় গাওয়া হয়-**

গাছের বেগুন তুলনা মা , গাছে হবে সুধা(ফাঁকা),
কোলের বিটি বিকোনা বাবা , কোলও হবে সুধা গো।
বিকোনা বিকোনা বাবা , আমি ঘরের শোভা ছিলি গো।।
ভাবার্থ:- বেগুন গাছ থেকে বেগুন অর্থাৎ ফলন্ত গাছ থেকে যদি ফলকে তুলে ফেলা হয় তখন যেমন সেই গাছটি ফাঁকা হয়ে যায়, ঠিক সেই রকমই বাড়ির মেয়েকে (কোলের বিটি) বিয়ে দিয়ে দিলে সেই বাড়িও ফাঁকা হয়ে যায়। কারন এই মেয়েই হল ঘরের শোভা।
২) **বিদায়ের গান-**

কোন বনের লতা-পাতা, কোন বনের পাতা গো
কোন বনে হারালি নুনি(পাত্রী) , সোনার কাজললতা গো
কাজললতা খুঁজতে খুঁজতে , নুনির জল তৃষা লাগে গো
সাগরকার কুলির মুড়হায়(গ্রামের শেষ প্রান্ত) , জল নাহি মিলে গো।।

ভাবার্থ:- বিয়ের পর নতুন কনে যখন শ্বশুরবাড়ি যায়, তখন সেখানকার পরিবেশ পরিস্থিতি সম্পর্কে সে বা তার বাড়ির লোকেরা অনেকক্ষেত্রে একেবারেই অবগত থাকেনা। মেয়েটি যেখানে যাচ্ছে সেখানকার মানুষজন কেমন বা মেয়েটি সেখানে আদৌ ভালো থাকবে কিনা- এই বিষয়ের ওপর রচিত এই গান।
৩) **বর বিয়ে করতে এলে তাকে গালি দিয়ে গান-**

ক)টুপা সুকু নিয়ে নুনি, কুলি ধারে ভরাইলো
বাড়ির ধারে ঘুরে আইসো নুনি, তোমার জ্যাঠা খরদ্যার(বরের বাবা) বসাইঞ্ছে।

ভাবার্থ:- বর যখন পাত্রীর বাড়িতে বিয়ে করতে আসে, তখন কনের বাড়ির লোকজন মজার ছলে বর ও তার বাড়ির লোকজনকে নানা রকম গালি গালাজ করে। এর উদ্দেশ্য একটাই রঙ্গ-রসিকতা করা। এখানে তাই বরের বাবাকে ‘খরদ্যার’ বলা হয়েছে। গ্রামাঞ্চলে এটি গালির সমতুল্য।

খ) খুদি খাইয়ে মেলখু জোগায়, সেকি গো বড় ধনী মান
গামছা বিছায়ে টাকা খুঁজে , আমায় লাগে অপমান।

ভাবার্থ:- এখানে বর ও বরপক্ষকে ভীষনভাবে অপমান করা হয়েছে। গানটিতে বর চালের খুঁদ খেয়ে অর্থাৎ কিপটেমো করে, বড় বড় কথা বলে। আবার গামছা বিছিয়ে লোকের কাছ থেকে টাকা চায় এবং সেটা দেখে পাত্রীর বাড়ির লোক ভীষন অপমান বোধ করে।

৪) **বিদায়ের গান**-

বড় বান্দে আদে যেতে নুনি, পায়ের আলতা গো ভালো না
পায়ের আলতা নয়ন তারা, সঙ্গীর মন কাঁদায়ো না।

ভাবার্থ:- বিয়ের পর বিদায়ের সময় পাত্রীর বাড়ির লোকজন(বিশেষত মহিলারা) ভারাক্রান্ত মনে তাদের মেয়েকে শ্বশুরবাড়ির সকলকে নিয়ে সুখে থাকার জন্য কিছু উপদেশ দেন। সেই বিষয়টিই এই গানে প্রষ্ফুটিত হয়েছে।

রাজবংশীদের বিয়ের আচার:-

১) বরণ বরে চাইলন চায়
উয়ার নাকের নোলোক্যান ঢুল খেলায়..... ।

২) দ্বৈত সংগীত:-

স্ত্রী:- ও মুই কপাল মাঞ্জিয়া রে, আছং বসিয়া রে , সিন্দুর নিয়া ক্যানে আসিলেন না
পেন্দাবার চায়া পেন্দাইলেন না (তোমরা)।।

এছাড়া রাজবংশী সম্প্রদায়ের মধ্যে বিয়ে উপলক্ষে বিয়ের আগের দিন সাইটর বিষহরি পূজার চল আছে। এই সময়ের গান: -

১)ফুল ধরো ফুল ধরো মাইলানি, ফুলবা করো হাতে , তার আগে ছিটাও ফুল ধরম ঠাকুরের আগে।।
২)ওমা মণষা কি ফুলে সেবিবরে রাঙ্গা চরণ , ফুল দিয়া মা তোক সেবিনু রে হয়।

লোকসঙ্গীতের ভাণ্ডারে এক বিরাট অংশ জুড়ে আছে বিয়ের গান। প্রাচীনকালে বিনোদনের জন্য এখনকার মত এত উপাদান ছিল না বলেই বাড়ির অন্দরমহলে সকলে মিলে কাজ করতে করতে গান গাওয়াটাই ছিল বিনোদনের একমাত্র এবং সহজ উপায়। মহিলারা সকলে মিলে আনন্দ করে মুখে মুখে গান বাঁধতেন এবং মনের আনন্দে গাইতেন সে গান। সে সময়ে ঐ সকল গানকে সংরক্ষণ করার বিশেষ উপায় ছিল না বা তারা এই ব্যাপারে কোন তাগিদ হয়তো অনুভব করেননি। তাই বহু গান সৃষ্টি হতে হতেই হারিয়ে গেছে। আবার কিছু গান বংশ পরম্পরায় বাহিত হতে হতে সামনের দিকে ধাবিত হয়েছে আর এই বিষয়টি পুরোটাই শ্রুতি নির্ভর হওয়ার জন্য কম বেশী কিছু কিছু পরিবর্তনও হতে থেকেছে বার বার। আমার এই কাজটির মূখ্য উদ্দেশ্যই হল এই অমূল্য সম্পদ গানগুলিকে যথাযত ভাবে সংরক্ষণ করা। তাই মূল কাজটিতে স্বরলিপির মাধ্যমে প্রায় আশিটি গানের স্বরলিপি যুক্ত করা হয়েছে। আশা করি পরবর্তী সময়ে গবেষনার কাজে আমার এই কাজটির মাধ্যমে অনেকেই উপকৃত হবেন।।

Final Report of University Research Project in Bengali
(2023-2024)

একুশ শতকের বাংলা নাটক ও নাট্যচর্চার ধারা

Bengali Drama and the Theater Performences in 21st Century

Submitted by
Dr. Subrata Mondal
Associate Professor
Department of Bengali
Principal Investigator, URP(2023-2024)

Rabindra Bharati University
56A, B.T. Road
Kolkata - 700050

নিবেদন

নাটক পড়া ও থিয়েটার দেখা ভালোলাগা থেকে। এ বিষয়ে একটা গবেষণা করার ইচ্ছা দীর্ঘদিনের। ২০১৬ সালে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে যোগদানের পর তৎকালীন উপাচার্য অধ্যাপক সব্যসাচী বসুরায়চৌধুরী, আমরা যারা তখন যোগদান করেছিলাম তাদের সঙ্গে এক সাক্ষাতে তিনি বিশ্ববিদ্যালয়ের প্রজেক্ট (URP) নেওয়ার কথা বলেছিলেন। ঠিক তখন থেকেই নাটক ও থিয়েটার নিয়ে কাজ করার ইচ্ছাটা বেড়ে যায়। তারপর ২০২৩-২৪ শিক্ষাবর্ষের প্রকল্পের জন্য যখন বিজ্ঞপ্তি বেরোয় তখন 'একুশ শতকের বাংলা নাটক ও নাট্যচর্চার ধারা' শিরোনামের বিষয় নিয়ে আবেদন করি ও নির্বাচিত হই। এই জন্য আন্তরিকভাবে ধন্যবাদ জানাই রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন দু'জন উপাচার্য অধ্যাপক সব্যসাচী বসুরায়চৌধুরী ও অধ্যাপক নির্মাল্যনারায়ণ চক্রবর্তী মহাশয়কে। কৃতজ্ঞতা জানাই রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য অবসরপ্রাপ্ত বিচারপতি শ্রী শুভ্রকমল মুখোপাধ্যায়কে। ধন্যবাদ জানাই বিশ্ববিদ্যালয়ের কর্মসচিব ড. আশিস কুমার সামন্তকে। ধন্যবাদ জানাই বিশ্ববিদ্যালয়ের কলা- অনুষদের প্রাক্তন অধ্যক্ষ অধ্যাপক ভাস্করনাথ ভট্টাচার্য ও কলা-অনুষদের বর্তমান অধ্যক্ষ অধ্যাপক স্বাতী ঘোষ মহাশয়াকে। কৃতজ্ঞতা জানাই বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন আধিকারিক শ্রী উজ্জ্বলকুমার বসুমাতা মহাশয়কে। তিনি নিরন্তর উৎসাহ জুগিয়েছেন গবেষণার কাজকে সঠিকভাবে চালিয়ে নিয়ে যেতে। কৃতজ্ঞতা জানাই বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ও বর্তমান বিত্ত আধিকারিক শ্রী দেবদত্ত রায় ও ড. প্রদীপ্ত কুণ্ডু মহাশয়কে।

গবেষণা প্রকল্পের প্রতিটি স্তরে যাঁরা প্রয়োজনীয় পরামর্শ দিয়ে গবেষণার অভিমুখকে ধরে দিয়েছেন তাঁরা হলেন- অধ্যাপক শম্পা চৌধুরী (যাদবপুর বিশ্ববিদ্যালয়), অধ্যাপক সুচরিতা বন্দ্যোপাধ্যায় (কলকাতা বিশ্ববিদ্যালয়), রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপকমণ্ডলী, অধ্যাপক মীর রেজাউল করিম (আলিয়া বিশ্ববিদ্যালয়), অধ্যাপক শান্তনু দাস ও অধ্যাপক শুভাশিস গঙ্গোপাধ্যায় (রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়) প্রমুখ। প্রত্যেককে আন্তরিক ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার আধিকারিক শ্রী অভিজিত কুমার মহাশয়কে। ধন্যবাদ জানাই বঙ্গীয় সাহিত্য পরিষৎ, নাট্যশোধ সংস্থান, জয়কৃষ্ণ লাইব্রেরী প্রভৃতির আধিকারিকদের ও যাঁরা নানাভাবে সাহায্য করেছেন।

আমার এই গবেষণা প্রকল্পের প্রকল্প-সহায়ক শ্রী মুকেশ হালদার ছাড়াও যারা আমাকে বিশেষভাবে সাহায্য করেছে - শ্রী বাপি দাস, শ্রী সৌত্রিক ঘোষাল, সুস্মিতা বিশ্বাস, শ্রী নীলাঞ্জন হালদার, শ্রী সুদীপ্ত সাহা, শ্রী লিঙ্কন দাস প্রমুখ। এদের প্রত্যেকের কাছে আমি কৃতজ্ঞ।

বর্তমানের ভোগবাদ সর্বস্ব প্রাত্যহিকতায় সুস্থ-সাংস্কৃতিক চর্চা বিপন্নপ্রায়। যেখানে যতটুকু সেই প্রয়াস চলছে, সেখানেও তাকে নানা প্রতিবন্ধকতার মুখোমুখি হতে হয়। পারিপার্শ্বিক এই প্রতিকূলতা উপেক্ষা করেও যাঁরা নিরন্তর টিকিয়ে রেখেছেন সেই নাটক ও নাট্যচর্চাকে তাঁদেরও শ্রদ্ধা ও অভিনন্দন জানাই এবং ধন্যবাদ জানাই তাঁদেরকে যাঁরা তথ্য দিয়ে, সাক্ষাৎকার দিয়ে সাহায্য করেছেন। 'একুশ শতকের বাংলা নাটক ও নাট্যচর্চার ধারা' শীর্ষক গবেষণায় চেষ্টা করেছি এই সময়ের নাটক ও নাট্যচর্চার

ক্ষেত্রকে একটি পরিসরে ধরতে। এই বিস্তৃত পরিসরকে ধরার চেষ্টার মধ্যেও যে সীমাবদ্ধতা আছে, অসম্পূর্ণতা আছে তা স্বীকার করি। আশাকরি পরবর্তী কোন গবেষণায় সীমাবদ্ধতার ক্ষেত্রগুলি একটি পূর্ণতার পথ পাবে।

সূচিপত্র

		পৃষ্ঠা
ভূমিকা :		৫ - ৯
প্রথম অধ্যায় :	উনিশ শতক ও বাংলা নাটক	১০ – ২১
দ্বিতীয় অধ্যায় :	বিশ শতক ও বাংলা নাটক	২২ - ৪৩
তৃতীয় অধ্যায় :	একুশ শতকের বাংলা নাটক ও নাট্যচর্চার অভিমুখ	৪৪ – ৭৭
	ক. বিশ্বায়ন ও বাংলা নাটক	
	খ. থিয়েটারে রাজনীতির প্রসঙ্গ	
	গ. ছোটোদের থিয়েটার	
	ঘ. বাংলা নাট্যচর্চায় চেতনা ও তার বিবর্তন	
	ঙ. নৃত্য ও নাট্যের পরিকল্পনা : অলকানন্দা রায়	
	চ. ব্লাইন্ডদের থিয়েটার—থিয়েটারে ব্লাইন্ডরা	
	ছ. উন্নত প্রযুক্তির ব্যবহার	
চতুর্থ অধ্যায় :	একুশ শতকের নাটককার ও বাংলা নাটক	৭৮ – ১১৪
পঞ্চম অধ্যায় :	একুশ শতকের থিয়েটারে মহিলা পরিচালক	১১৫ - ১৩২
ষষ্ঠ অধ্যায় :	একুশ শতকের থিয়েটারের নেপথ্যে -	১৩৩ - ১৬০
	ক. দৃশ্যপট ও মঞ্চনির্মাণ	
	খ. আলোকচিত্রণ	
	গ. শব্দ পরিকল্পনা–আবহ-সংগীত অনুষঙ্গ	
উপসংহার :		১৬১ – ১৬৪
গ্রন্থপঞ্জি :		১৬৫ – ১৭০
পরিশিষ্ট : ১	জেলাভিত্তিক নাট্যচর্চার ধারা (সাক্ষাৎকারধর্মী)	১৭১ – ২৪২
পরিশিষ্ট : ২	নাট্যদৃশ্য ও নাট্যচর্চার বিভিন্ন চিত্র	২৪৩ – ২৬১

ভূমিকা :

বাংলা নাটক ও নাট্য চর্চার ইতিহাস ২০০ বছরের পুরনো হলেও প্রথাগতভাবে বাঙালির বাংলা নাট্যচর্চার সূচনা উনিশ শতকের মাঝামাঝি সময় থেকে। উনিশ শতক থেকে একুশ শতকে, সমাজ জীবনের নানা সমস্যার, প্রথার, মানসিকতার বিবর্তমান রূপের প্রতিফলনই গবেষণার বিষয়।

একুশ শতকের বাংলা নাটক ও তার মঞ্চায়নে সমকালের স্রোত মিলেছে। পুরাতনের অপ্রয়োজনীয় অংশকে ভেঙেচুরে ইতিহাস যেমন এগিয়ে চলেছে, সাহিত্যের আধুনিকতাও চলেছে। একুশ শতকের বাংলা সাহিত্যের অন্যান্য প্রকরণ যেমন সময়ের সঙ্গে তার পথ বদলে নিয়েছে, তেমনই এই সময়ের নাটককাররা তাদের নাটকে বিষয় ভাবনায় অভিনবত্বের পাশাপাশি তাঁর প্রায়োগিক দিককেও আকর্ষণীয় করে তুলেছেন। যেমন- মোহিত চট্টোপাধ্যায়, বাদল সরকার, মনোজ মিত্র, চন্দন সেন, বিভাস চক্রবর্তী, অরুণ মুখোপাধ্যায়, অশোক মুখোপাধ্যায়, সৌমিত্র চট্টোপাধ্যায়, রমাপ্রসাদ বণিক, তীর্থঙ্কর চন্দ, পরাণ বন্দ্যোপাধ্যায়, অভি চক্রবর্তী, উজ্জ্বল চট্টোপাধ্যায় প্রমুখ। চন্দন সেনের 'দুই হুজুরের গপ্পো' , অশোক মুখোপাধ্যায়ের 'বেলা অবেলার গল্প' প্রভৃতিতে পলিটিকাল আন্ডারটোন আছে।

একুশ শতকের বাংলা নাটক ও নাট্য চর্চার পরিধি সময়ের নিরিখে ২২ বছরের। সাহিত্যের অন্যান্য শাখার মতো নাটকের বিস্তার ও বৈচিত্র্য অনেক । যদিও একুশ শতকের নাটক চর্চার গতি ও বৈচিত্র্যকে শুধুমাত্র একটি সময়ের সীমারেখা দিয়ে ব্যাবচ্ছিন্ন করা যায় না। গতিশীলতা সাহিত্যের ধর্ম। তাই একটা শতাব্দীর প্রবহমান মেজাজ ও ধর্ম পরবর্তীকালের মধ্যে সঞ্চারিত হবে সেটাই স্বাভাবিক। সাহিত্যের অন্যান্য শাখার থেকে নাটক এখনেই স্বতন্ত্র যে একটি নাটকের নাট্যরস তখনই প্রকাশ পায় যখন তা মঞ্চাভিনয়ের নিষ্পন্ন হয়। আর যখন মঞ্চে অভিনীত হয়, তখন মূল নাটকের সঙ্গে সম্পৃক্ত হয় পরিচালক, অভিনেতা ও মঞ্চ ভাবনার নানা দিক।

এই সময়ের বিশিষ্ট নাটককারদের মধ্যে একজন ইন্দ্রাশিস লাহিড়ী। তাঁর 'ইচ্ছেগাড়ি'র সফলতা তাঁকে নাটককার হিসেবে পরিণত করে তোলে। 'চেনামুখ' এ ইন্দ্রাশিসকে আমরা তিন ভুমিকায় পাই – নাটককার ছাড়াও অভিনেতা ও যুগ্ম নির্দেশক। 'দৃষ্টিকন্যা' সহ প্রায় প্রতিটি নাটকে ইন্দ্রাশিস গড়ে তুলেছেন সম্পর্কের নানা দিক। ইন্দ্রাশিস লাহিড়ীর অন্যান্য নাটকের মধ্যে – 'লজ্জাতীর্থ', 'সাঁঝবেলা', 'পিঙ্কিবুলি' প্রভৃতি গুরুত্বপূর্ণ।

তারপর একুশ শতকে যারা বাংলা নাটক ও নাট্যক্রিয়াকে এগিয়ে নিয়ে যাওয়ার অন্যতম কাণ্ডারি তাঁদের মধ্যে অরুণ মুখোপাধ্যায়, সৌমিত্র চট্টোপাধ্যায়, রমাপ্রসাদ বণিক, অশোক মুখোপাধ্যায়, ব্রাত্য বসু, তীর্থঙ্কর চন্দ, উজ্জ্বল চট্টোপাধ্যায়, কৌশিক চট্টোপাধ্যায়, অধিকারি কৌশিক, কৌশিক কর, সুভাসিক খামারু প্রমুখ।

একুশ শতকের নাটক চর্চার ধারাকে যারা এগিয়ে নিয়ে চলেছেন তাঁদের বলিষ্ঠ অভিনয়ের মধ্য দিয়ে, তাঁরা হলেন রুদ্রপ্রসাদ সেনগুপ্ত, দেবশঙ্কর হালদার, গৌতম হালদার, সোহিনী সেনগুপ্ত, ব্রাত্য

বসু, কৌশিক সেন, বিজয়লক্ষ্মী বর্মণ, ঊষা গাঙ্গুলি, সীমা মুখোপাধ্যায়, সোহাগ সেন, শাঁওলী মিত্র, জয়তি বোস, ঈশিতা মুখোপাধ্যায়, সুরঞ্জনা দাশগুপ্ত, অর্পিতা ঘোষ, অনির্বাণ ভট্টাচার্য প্রমুখ। একুশ শতকের বাংলা নাটক চর্চার অভিমুখকে এগিয়ে নিয়ে চলেছে বিভিন্ন নাট্যদলও। সায়ক, নান্দীকার, নান্দীমুখ, বারাসাত কাল্পিক, সুন্দরম, শূদ্রক, পঞ্চম বৈদিক, অশোকনগর নাট্যআনন, শ্যামবাজার নাট্যচর্চা , সোনারপুর উদ্দালক প্রভৃতি শহর ও শহরতলির নাট্যদল ।

প্রথম অধ্যায়

উনিশ শতক ও বাংলা নাটক

উনিশ শতকে এই যে এক পরিবর্তনের আবহাওয়া তথা নতুন ভাবনা-চিন্তা সমাজকে কেন্দ্র করে গড়ে উঠছিল, তার প্রভাব থেকে দূরে থাকতে পারলেন না বাঙালি নাটককারেরাও। পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত হয়ে এই নাটককাররা নিজের সমাজের নানাবিধ সমস্যার দিকে অঙ্গুলি নির্দেশ করে নাটক রচনা করলেন। বলা যায়, যুক্তিবাদী শিক্ষায় শিক্ষিত মন এই সমস্যাগুলির দিকে তাঁদের চোখ ফেরাতে বাধ্য করল। রামনারায়ণ তর্করত্নের ১৮৫৪ সালে লেখা প্রথম নাটক 'কুলীনকুলসর্বস্ব' কৌলিন্য প্রথাকে আঘাত করেই লেখা অম্বিকাচরণ বসুর 'কুলীন কায়স্থ নাটক' (১৮৬১); তাছাড়া রামচন্দ্র দত্তের 'বাল্যবিবাহ' নাটকেও এই প্রথা সম্পর্কে লেখকের প্রতিবাদ ধ্বনিত। অমৃতলাল বসু লিখেছেন 'সম্মতি সংবাদ'(১৮৯১) প্রহসনটি। আসলে বিবাহিতা কোনো নারীরসহবাসের বয়স নির্দিষ্ট করার উদ্দেশ্যে কনসেন্ট বিল আনা হয়েছিল। এই বিলের বিরুদ্ধেই অমৃতলাল বসুর এই প্রহসন সৃষ্টি। এই একই বিষয় নিয়ে ১৮৯১ সালে 'আইন বিভ্রাট' নামেও একটি নাটক রচনা করেন হরেন্দ্রনাথ মিত্র।

বিদ্যাসাগরের নেতৃত্বে বিধবাবিবাহ আন্দোলন সমকালীন বাঙালি নাট্যকারদের প্রভাবিত করেছিল। ১৮৫৬ সালে লেখা উমেশচন্দ্র মিত্রের 'বিধবাবিবাহ নাটক' এই আন্দোলনের প্রতি নাটককারের পক্ষপাতিত্বকে স্পষ্ট করে। এছাড়া রাধামাধব মিত্রের 'বিধবা মনোরঞ্জন', হারাণচন্দ্র মুখোপাধ্যায়ের 'দলভঞ্জন', উমাচরণ চট্টোপাধ্যায়ের 'বিবাহোদ্বাহ' প্রভৃতিনাটক উল্লেখযোগ্য।

এই শতাব্দীর শেষের দিকে হিন্দু পুনরুত্থানের সময়ে বিধবাবিবাহ আন্দোলন সমাজের রক্ষণশীলদের দ্বারা আক্রান্ত হতে থাকে। এই সময় গিরিশচন্দ্র ঘোষ ও অমৃতলাল বসুর কিছু নাটক ও প্রহসনে বিধবা বিবাহ সমর্থনকারীদের প্রতি নানা ব্যঙ্গ ছুঁড়ে দেওয়া হয়েছে। তাই খুব স্বাভাবিকভাবেই গিরিশচন্দ্রের সমসাময়িক নাটককাররা সময়ের দাবিকে মেনে নিয়েই নাট্য রচনায় প্রবৃত্ত হয়েছিলেন।

সপত্নী সমস্যাও উনিশ শতকের সংস্কার আন্দোলনের প্রেক্ষাপটে নাট্যকারদের দৃষ্টি আকর্ষণ করেছিল। ১৮৫২ সালে রচিত যোগেশচন্দ্র গুপ্তের 'কীর্তিবিলাস' নাটকে সতীন পুত্রের প্রতি সৎমায়ের অত্যাচার ফুটিয়ে তোলা হয়েছে। রামনারায়ণ তর্করত্নের 'উভয় সংকট'(১৮৬৯) নামক প্রহসনেও সেই সপত্নী নিয়ে সমস্যার কথা, যা খানিক হাস্যরসের দৃষ্টিভঙ্গিতে তুলে ধরা হয়েছে। দীনবন্ধু মিত্রের 'জামাই বারিক' প্রহসনটি মূলত ঘরজামাইকে কেন্দ্র করে রচিত।

উনিশ শতকে পাশ্চাত্য সভ্যতার সংস্পর্শে এসে গড়ে উঠেছিল বাবু সম্প্রদায়। মদ্যাসক্তি ও নৈতিক শৈথিল্য ছিল তাদের অন্যতম চারিত্রিক বৈশিষ্ট্য। সে শতাব্দীর একাধিক নাট্যকার এই বিষয়টিকে কেন্দ্র করে নাটক রচনা করেছেন। প্রথমেই মনে পড়বে প্যারীচাঁদ মিত্রের ১৮৫৯ সালে

লেখা ‘মদ খাওয়া বড় দায় জাত থাকার কি উপায়’ নাটকটির কথা। তাছাড়া রাধামাধব হালদারের ‘বেশ্যানুরক্তি বিষম বিপত্তি’ (১৮৯৩), অতুলকৃষ্ণ মিত্রের ‘সাদা ও আমি’ (১৯০৩), কালীকৃষ্ণ চক্রবর্তীর ‘গোলকধাঁধা’ (১৮৮২) এসব প্রহসনেও বারাঙ্গনা আসক্তির চিত্র তুলে ধরেছেন নাট্যকাররা।

পণপ্রথাকে কেন্দ্র করেও বিরোধিতার বাতাবরণ গড়ে উঠেছিল এই শতকে। হরিদাস চট্টোপাধ্যায়ের ‘কণ্যাদায়’ নাটক ও ‘ছেড়ে দে মা কেঁদে বাঁচি’ প্রহসনে এই পণপ্রথার বিরুদ্ধে নিজস্ব অবস্থান স্পষ্ট করেছেন নাট্যকার। তাছাড়া গিরিশ ঘোষের ‘বলিদান’ (১৯০৫) নাটকে কন্যাদায়গ্রস্থ পিতার পণ দেওয়াকে কেন্দ্র করে যে দুরবস্থা, তা উঠে এসেছে অমৃতলাল বসুর ‘বিবাহ বিভ্রাট’, যতীন্দ্রনাথ শর্মার ‘কন্যাদায়’, ‘লোভেন্দ্র গবেন্দ্র’ ,‘পাশ করা জামাই’ প্রভৃতি নাটক ও প্রহসনে

উনবিংশ শতাব্দীতে সমাজ সংস্কার আন্দোলন যেমন তার যাত্রা শুরু করেছিল, তেমনি সেই যাত্রাপথে রক্ষণশীল বাঙালিদের বাধাও ছিল সুপ্রচুর। অমৃতলাল বসু এই নারী শিক্ষা ও স্বাধীনতাকে বিদ্রুপ করে লিখেছেন ‘বৌমা’, ‘কালাপানি’, ‘তাজ্জব ব্যাপার’, ‘বিবাহ বিভ্রাট’ প্রভৃতি একাধিক নাটক ও প্রহসন। তাছাড়া রাখালদাস ভট্টাচার্যের ‘স্বাধীন জেনানা’ ও অতুলকৃষ্ণ মিত্রের ‘কলিরহাট’ প্রহসনেও নারী শিক্ষার ক্ষেত্রকে ব্যাঙ্গ-বিদ্রুপ করা হয়েছে।

উনিশ শতকের দ্বিতীয়ার্ধে ক্রমশস্বাজাত্যবোধ, জাতীয়তাবোধ জাগরিত হচ্ছে নতুন শিক্ষিত বাঙালির মধ্যে, যা বিশ শতকে এসে আরও সংহত ও সংগঠিত হয়েছে।

উনিশ শতকের পাঁচের দশকে যখন একদিকে সমাজসংস্কার ও নির্মীয়মান জাতীয়তাবাদী চেতনা প্রাধান্য পাচ্ছে, আবার পাশ্চাত্য শিক্ষা সংস্কৃতির প্রভাবে দেশীয় যাত্রার ধারা থেকে বেরিয়ে এসে পাশ্চাত্যের নাটকের সংরূপ গ্রহণ করতে বাধ্য হচ্ছে বাঙালি সমাজ; তখনও ধর্মগ্রন্থের বিভিন্ন কাহিনি নিয়েকিছু পৌরাণিক নাটকলেখাহয়েছে।

পন্ডিত রামনারায়ণ তর্করত্ন মূলত সামাজিক বিষয় নিয়ে নাটক লিখেছেন। তবুও সত্তার গভীরে নিহিত ধর্মীয়চেতনার প্রভাবে মৌলিক পৌরাণিক নাটকওসৃষ্টি হয়েছে তাঁর হাতে-‘রুক্মিণীহরণ’ (১৮৭১),‘কংসবধ’ (১৮৭৩),‘ধর্মবিজয়’

গিরিশচন্দ্র ঘোষ, মনমোহন বসু, বিহারীলাল চট্টোপাধ্যায়রা ছাড়াও রাজকৃষ্ণ রায়, অতুলকৃষ্ণ মিত্র, দ্বিজেন্দ্রলাল রায়,ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ প্রমুখরা বাংলা পৌরাণিক নাটকের ধারাটিকে পুষ্ট করেছিলেন। রাজকৃষ্ণ রায়েরনাটকে মনমোহন ও গিরিশচন্দ্রের পৌরাণিক নাট্যরীতির প্রভাব খুব স্পষ্ট। ‘তরণীসেন বধ’, ‘ভীষ্মের শরসজ্জা’, ‘হরধনুভঙ্গ’, ‘দুর্বাসার পরান’, ‘যদুবংশ ধ্বংস’, ‘রামের বনবাস’, ‘তারক সংহার’ প্রভৃতি রাজকৃষ্ণ রায়ের উল্লেখযোগ্য পৌরাণিক নাটক।

দ্বিতীয় অধ্যায়

বিশ শতক ও বাংলা নাটক

বাংলা নাটকের ক্ষেত্রেও উনিশ শতকের নাটকের প্রবণতায় ভর করে যে বিশ শতকের নাটকের ক্ষেত্র নির্মিত তা বলাইবাহুল্য। যেমন উনিশ শতকের দুই বিশিষ্ট নাটককার—দ্বিজেন্দ্রলাল রায় (১৮৬৩-১৯১৩) ও ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ (১৮৬৩-১৯২৬)-এর কিছু নাটক দুই শতাব্দীর সেতুবন্ধনকারীর ভূমিকায় অবতীর্ণ। একই সঙ্গে এদের কিছু নাটকে যেমন উনিশ শতকীয় যুগচিহ্ন থেকে সম্পূর্ণ সরে এসে নতুন ভাষ্য হয়ে উঠেছে। আবার কিছু নাটক বিশ শতকে রচিত হলেও যেমন—দ্বিজেন্দ্রলালের 'প্রায়শ্চিত্ত' (১৯০২) বা ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদের 'সপ্তম প্রতিমা' (১৯০২) ও 'সাবিত্রী' (১৩০৯)-এ নতুন শতাব্দীর কোনো যুগলক্ষণও ধরা পড়ে না। উনিশ শতকের মাঝামাঝি থেকে শেষ পর্যন্ত বাংলা নাটকের মধ্যে দুটি প্রধান প্রবণতা লক্ষ করা যায় — প্রথমত, পৌরাণিকতা ও দ্বিতীয়ত, ঐতিহাসিকতা। সঙ্গে সামাজিক আবেদন কিন্তু বিশ শতকের শুরুতেও রাজনীতি, স্বদেশি আন্দোলনের প্রেক্ষিত থাকলেও আগের প্রবণতাও পরিলক্ষিত হয়।
তবে বিশ শতকের প্রথম দশকে বাংলা রঙ্গালয়গুলির উজ্জীবন ঘটে মূলত বঙ্গভঙ্গের আবহে ও স্বদেশি ভাবধারায় নাটক রচনায়। যেমন এই পর্বে গিরিশ ঘোষের 'সিরাজদৌল্লা (১৩১২), 'মীরকাসিম' (১৩১৩), 'ছত্রপতি শিবাজী' (১৩১৪), অমৃতলাল বসুর 'নবজীবন' (১৩০৮) ও 'সাবাস বাঙালি'; দ্বিজেন্দ্রলালের বিশ শতকের নাটকের পটভূমি মূলত স্বদেশি আন্দোলনের ভিত্তিতেই রচিত। দেশপ্রেমের বাঁধভাঙা উচ্ছ্বাস উঠে এসেছে তাঁর নাটকে—'প্রতাপ সিংহ' (১৩১২), 'দুর্গাদাস' (১৩১৩), 'নুরজাহান' (১৩১৪), 'মেবার পতন', (১৩১৫), 'সাজাহান' (১৩১৭), 'চন্দ্রগুপ্ত' (১৩১২) প্রভৃতি নাটকে। ক্ষীরোদপ্রসাদ এই পর্বে রচনা করলেন—'প্রতাপাদিত্য' (১৩১৩), 'পলাশীর প্রায়শ্চিত্ত' (১৩১৩), 'নন্দকুমার' (১৩১৪), 'বাংলার মসনদ' (১৩১৩)। অমরেন্দ্রনাথ দত্ত লিখলেন বঙ্গের 'অঙ্গচ্ছেদ' (১৯০৫), সতীশচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বাঙ্গালী পল্টন'(১৯১৭) প্রভৃতি নাটক। বিশ শতকের অন্যতম কয়েকজন বিশিষ্ট নাটককার—শচীন সেনগুপ্ত (১৮৯৩-১৯৬১), মন্মথ রায় (১৯০০-১৯৮৮), ভূপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, নলিকান্ত বসুরায়, বরদাপ্রসন্ন দাশগুপ্ত, মনমোহন রায় প্রমুখ। এছাড়া অন্যতম দুজন নাটককার ও নাট্য ব্যক্তিত্ব অপরেশচন্দ্র মুখোপাধ্যায় (১৮৭৫-১৯৩৪) ও অন্যজন যোগেশ চৌধুরী (১৮৮৬-১৯৪১)। অপরেশচন্দ্রের নাটকের মূল উপজীব্য পৌরাণিকতা ও ঐতিহাসিক রোমাঞ্চ। যেমন তাঁর বিখ্যাত কিছু নাটক—'রাখীবন্ধন', 'অযোধ্যার বেগম', 'চণ্ডীদাস', 'কর্নাজুন', 'শ্রীকৃষ্ণ' ইত্যাদি। যোগেশচন্দ্র চৌধুরীর পৌরাণিক নাটক 'সীতা'। এছাড়াও প্রথম বিশ্বযুদ্ধোত্তর কালের কল্লোলের বাস্তব ঔৎসুক্যের আদর্শেও নাটক রচিত হয়েছে। যেমন বিধায়ক ভট্টাচার্যের 'মাটির ঘর', শচীন্দ্রনাথ সেনগুপ্তের 'ঝড়ের রাতে' ও 'তটিনীর বিচার' প্রভৃতি নাটকে সমকালীন বাস্তব হয়ে উঠেছে। যোগেশচন্দ্র চৌধুরী, বিধায়ক ভট্টাচার্য, শচীন্দ্রনাথ সেনগুপ্ত ছাড়াও বিশ শতকের ব্যতিক্রমী ধারার নাটককারদের মধ্যে বনফুল (১৮৯৯-১৯৭৯) অন্যতম। বাংলা সাহিত্যের ইতিহাসে তাঁর জীবনী নাটক রচনা ও কিছু হাস্যরসাত্মক নাটক রচনা কৃতিত্বের দাবি রাখে। যেমন জীবনীনাট্য — 'শ্রীমধুসূদন',

'বিদ্যাসাগর' দুই যুগ চিহ্নিত পুরুষকারের জীবনের স্বতন্ত্র পাঠ। এছাড়াও রবীন্দ্রনাথ মৈত্রের (১৮৯৬-১৯৩২) 'মানময়ী গার্লস স্কুল' (১৯৩২) বাংলা নাটকের ইতিহাসে গুরুত্বপূর্ণ নাটক।

বিশ শতকের নাটক ও নাট্য প্রকরণের অন্যতম সংযোজন রবীন্দ্রনাথের নাটক ও নাট্যকলার বিকল্পধারা। একদিকে তাঁর নাটকের বিষয় ও আখ্যান বিন্যাসে সমকালের প্রথাগত নাটকের থেকে সরে এসে নাট্য প্রকরণে বৈচিত্র্য নিয়ে এলেন। প্রথম পর্বের গীতিনাট্য—'বাল্মীকি প্রতিভা', 'মায়ার খেলা' নাটকে সংগীতের পরীক্ষা-নিরীক্ষা করেছেন। একপ্রকার সুরের দ্বারা নাটকের আখ্যানবস্তুকে অভিনয় সম্ভাবনায় ফুটিয়ে

রবীন্দ্রনাথের নাটকের বিষয় ও আঙ্গিক বিন্যাসে ক্রমান্বয়ে—কাব্যনাট্য, রূপক সাংকেতিক নাটক, যেখানে ভাব ও তত্ত্বপ্রাধান্যমূলক নাটক। সামাজিক নাটক, কৌতুক নাটক ঋতুনাট্য ও নৃত্যনাট্য বাংলা সাহিত্য তথা বিশ্বসাহিত্যের কাছে পরমাশ্চর্যের। কাব্যনাট্যগুলি যেমন—'চিত্রাঙ্গদা' (১২৯৯), 'বিদায় অভিশাপ' (১৩০১), 'গান্ধারীর আবেদন' (১৩০৫), 'সতী' (১৩০৪), 'নরকবাস' (১৩০৪) প্রভৃতিতে আকার নাটকের হলেও এর অন্তর্গূঢ় একটা সংগীতময়তা আছে। রবীন্দ্রনাথের রোমান্টিক ট্রাজেডিগুলির মধ্যে 'রাজা ও রানী', 'বিসর্জন', 'মালিনী' প্রভৃতি নাটকের লিরিকের প্রাধান্য থাকলেও ভাব ও তত্ত্বকে তিনি পরোক্ষে প্রাধান্য দিয়ে নাটকে অবর্ণনীয় রসের সঞ্চার ঘটিয়েছেন। রবীন্দ্রনাথের অন্যতম স্বতন্ত্র নাট্যলক্ষণাত্মক নাটক তাঁর রূপক ও সাংকেতিক নাটকগুলি যেখানে তিনি পাশ্চাত্য সাহিত্যের বাস্তবাদিতার সঙ্গে সংকেতরীতিকে প্রয়োগ করেছেন।

গণ নাটকের যুগ :

বিজন ভট্টাচার্যের নাটক

গণনাট্য আন্দোলনের হাত ধরেই বিজন ভট্টাচার্যের বাংলা নাটকে আত্মপ্রকাশ ও প্রতিষ্ঠা। প্রখ্যাত প্রাবন্ধিক ও সমালোচক বিনয় ঘোষের সঙ্গে ফ্যাসিবিরোধী লেখক ও শিল্পী সংঘে প্রথম এসেছিলেন বিজন ভট্টাচার্য। চল্লিশের দশকের প্রারম্ভিক কাল থেকে সেই সংযোগ গণনাট্য সংঘের প্রতিষ্ঠার পর (মে, ১৯৪৩) আরো দৃঢ়মূল হয়েছে। একে একে গণনাট্যের প্রযোজনায় অভিনীত হয়েছে তাঁর লেখা নাটক 'আগুন', 'জবানবন্দী', 'নবান্ন' প্রভৃতি ।

ভারতীয় গণনাট্য সংঘ প্রকাশিত প্রথম ইস্তাহারে এই .....অর্থে 'গণ' বা সমাজের সাধারণ বৃহত্তর শ্রমিক- কৃষক সম্প্রদায়কে বোঝানো হয়েছিল। মার্কসবাদী আদর্শে বিশ্বাসী সংঘ বিশ্বাস করত 'মানুষের ইতিহাস , শ্রেণি সংগ্রামের ইতিহাস।' গণনাট্যের এই সুরই প্রতিফলিত হয়েছে নবান্ন নাটকে। চল্লিশের দশকে মার্কসীয় বস্তুবাদী জীবন দর্শন গনচেতনায় যে যে নির্দিষ্ট রূপ পেতে চলেছিল, সেই জীবন দর্শনেই নাটকের শেষে ভবিষ্যতের দুর্ভিক্ষ প্রতিরোধের সচেতন অঙ্গীকার হয়ে উঠেছে।

দিগিন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের নাটক

বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে দিগিন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায় একজন প্রসিদ্ধ ও প্রগতিশীল নাট্যকার। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সমকালে সমগ্র ভারতের সঙ্গে বাংলা দেশে যে সমাজ পরিবর্তনের নানা দিক সূচিত হয়েছিল, যে বৈপ্লবিক চেতনার উদয় হয়েছিল তার অন্যতম সহযাত্রী ছিলেন।

এরই বহুস্বরিক কিছু কোলাজ ধরা পড়েছে দিগিন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের নাটকে । আলোচনার এ পর্বে দিগিন্দ্রচন্দ্রের নাটক থেকে সেই দুঃসময়ের নানা ছবি তুলে ধরা যায় দিগিন্দ্রচন্দ্র ১৮ টি পূর্ণাঙ্গ নাটক রচনা করেন। এর মধ্যে উল্লেখযোগ্য চারটি সামাজিক নাটক হল – অন্তরাল, জীবনস্রোত, কেউ দায়ি নয়, স্বর্গের সিঁড়ি। তাঁর চল্লিশের দশকের নাটকগুলি হল – দীপশিখা(১৯৪৪), অন্তরাল(১৯৪৫), তরঙ্গ(১৯৪৬), বাস্তুভিটা(১৯৪৭), পূর্ণগ্রাস(১৯৪৮)।

তুলসী লাহিড়ীর নাটক

তুলসী লাহিড়ী বাংলা সাহিত্য তথা বাংলা নাটকের অন্যতম নাট্যব্যক্তিত্ব। প্রথম জীবনে চিত্রজগতের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত থাকলেও পরিণত বয়সে তিনি নাটক ও নাট্যমঞ্চের উন্নতি সাধনে আত্মনিয়োগ করেন এবং নাট্যজগতে তিনি যথেষ্ট খ্যাতি অর্জন করেন। পরম মমতায় অঙ্কিত সমাজের উপেক্ষিত , লাঞ্ছিত ও উপদ্রুত মানুষগুলিকে তিনি যেন জীবন্ত করে তুলে এনেছেন। বাংলার বিভিন্ন অঞ্চলের মানুষের জীবনধারা, তাদের, ভাষা, সংস্কার, রীতি নীতি ও তাদের জীবন সমস্যার বাস্তব রূপকে অত্যন্ত সংবেদনশীলতার বর্ণনা করেছেন।

তৃতীয় অধ্যায়

একুশ শতকের বাংলা নাটক ও নাট্যচর্চার অভিমুখ

সাহিত্য একটি প্রবহমান প্রক্রিয়া। সময়ের নানা অভিজ্ঞানকে ধারণ করে করতে করতে এগিয়ে চলে। মানবের সমাজ সংস্কৃতি রাজনীতি অর্থনীতির নিরবচ্ছিন্ন পদযাত্রা রূপ পায় সাহিত্যের নিরবচ্ছিন্ন ও বিবর্তমান নানা প্রকরণে, নানা ভাবে, নানা রূপে। তাই যা নিরবচ্ছিন্ন ও বিবর্তমান তাকে কোনো একটি সময়ের নির্দিষ্ট সীমারেখায় বাধা যায় না। অন্যভাবে বলা যায় সময়ের সীমারেখার বাধলে সাহিত্য স্বধর্ম চ্যুত হয়। তবু কালের যাত্রাপথের ঘটমান ঘটনার মধ্য দিয়ে যে অভিমুখে নির্মিত সাহিত্য স্বতন্ত্র একটি ভাষ্যের আধার হয়ে ওঠে তা স্বীকার করতেই হয়। কোনো নির্দিষ্ট শতাব্দীতে ঘটে যাওয়া কোনো ঘটনা যা আগের পর্ব থেকে সম্পূর্ণ স্বতন্দ্র তাকে কেন্দ্র করে যখন সাহিত্যের বাঁক নির্মিত হয় তখন তা সমকালের দৃষ্টিতে আগের শতকের দৃষ্টিভঙ্গির থেকে আলাদা রূপ পরিগ্রহ করে যা আভাস দিয়ে থাকে ভবিষ্যতের সাহিত্যের পথের দিশা কী হবে। বিশ শতকের সাহিত্য তথা বিশ্বসাহিত্যের সঙ্গে বাংলা সাহিত্যের যে সকল দিক পরিবর্তনের আভাস ফুটে ওঠে তার মধ্যে বিশ্ব জুড়ে সাম্রাজ্যবাদের চেহারা ও তার সঙ্গে মানুষের সমচেতনের নানান খেলা, মানব মনের দ্বন্দ্ব-বিক্ষুব্ধ প্রকৃতি সাহিত্যের প্রকরণের মধ্যে বিধৃত। একুশ শতকের সাহিত্য তথা নাট্য সাহিত্যের কথা বলতে গেলে স্বতঃই যে কথাটা বলতে হয় তা হল একুশ শতকের সাহিত্যের আধার নির্মিত হয়েছে বিশ শতকের বনিয়াদের উপর দাঁড়িয়ে। বিশেষ করে নাটকের ক্ষেত্রে—বিশ শতকের বাংলা নাটকের পুরাণ ভাবনা, সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে রুখে দাঁড়ানো সামাজিকতা, ঐতিহাসিকতা এবং রূপক সাংকেতিকতার মতো নাটক। এরপর চারের দশকের গণনাট্য এবং এরপর নবনাট্য, গ্রুপ থিয়েটার, বিকল্প ধারার থিয়েটার প্রভৃতি সংরূপ বাংলা নাটক ও থিয়েটারকে যুগের গতিপথকে ত্বরান্বিত করেছে। বিশ শতকের নয়ের দশকে এসে উপসাগরীয় যুদ্ধ ও তার প্রভাব বিশ্বসাহিত্যের সঙ্গে বাংলা সাহিত্যকেও সমানভাবে উদ্বেলিত করেছে। বিশ শতকের শেষ দশক থেকে বাংলা নাটকেও বিষয় হয়ে উঠেছে বিশ্বায়নের প্রসঙ্গ, উদার অর্থনীতির প্রসঙ্গ, ধর্ম ও রাজনীতির প্রসঙ্গ।

ক. বিশ্বায়ন ও বাংলা নাটক :

একুশ শতকের মানব সভ্যতা যে দুর্দিনের সাক্ষী, এর আগে কখনও তাকে সেই অভিজ্ঞতার মধ্য দিয়ে যেতে হয়নি। সভ্যতার যাত্রাপথে এত অন্ধকার বোধ হয় এর আগে কখনও আসেনি। যুগ যুগ ধরে যে মূল্যবোধ, যে মানবতাবোধ তৈরি হয়েছিল তার অবক্ষয়ের কাল যেন সূচিত হয়েছে এই সময়ে এসে। যেখানে বাজার অর্থনীতির ভোগবাদ সর্বস্ব আত্মকেন্দ্রিকতা জীবনকে নিয়ন্ত্রণ করছে যা সভ্যতার কাছে চরম সংকট স্বরূপ। হাজার হাজার বছর ধরে যে সমাজ সভ্যতা গড়ে উঠেছিল তার ইমারতকে চূর্ণ করায় তীব্র প্রতিযোগিতা চলছে সারা পৃথিবী জুড়ে।

থিয়েটারে নাটক ও নাট্য যে শুধুমাত্র বিনোদনের মাধ্যম নয়, থিয়েটার যে লোকশিক্ষার অন্যতম মাধ্যম, তাকে সেই দায়িত্ব পালন করতে হবে। প্রখ্যাত নাটককার অমল রায় তাঁর নাটকে বারংবার বিশ্বায়ন ও তার নেতিবাচকতাকে তুলে এনেছেন অত্যন্ত নির্লিপ্ত ও পক্ষপাতহীন ভাবে। ১৯৯০-এর দশকের মার্কিন সাম্রাজ্যবাদ ও উপসাগরীয় যুদ্ধ, বিশ্ববাণিজ্য সংস্থার সূত্রপাত, গ্যাটচুক্তি প্রভৃতির মধ্য দিয়ে যেভাবে তৃতীয় বিশ্বের দেশগুলির নিয়ন্ত্রণ পেতে সাম্রাজ্যবাদী শক্তির আগ্রাসন নৃশংসতার গণ্ডি অতিক্রম করে গেছে তাকে নাটককার অমল রায় তাঁর নাটক তুলে ধরেছেন। একদিকে বিশ্বায়ন বিরোধিতার দিক, অন্যদিকে সামাজিক আবেদন। ড্রাগ, এডস, থ্যালাসেমিয়ার সম্বন্ধে যেমন প্রয়োজনীয় সচেতনতার দিক তাঁর নাটকে প্রচারিত অন্যদিকে দূষণ, পরমাণু বোমা প্রভৃতির বিরুদ্ধে তীব্র প্রতিবাদ তাঁর নাটকে। 'ঘৃণা নয়', 'করুণাধারায় এসো', 'শিকার', 'তিমিররাত্রি', 'কেউটের ছোবল', 'অলীক পৃথিবী', 'আপনজন', 'বঙ্গে বর্গী দ্বিতীয় সংস্করণ' প্রভৃতি নাটকে একদিকে জনগণকে সজাগ করার যন্ত্রণা অন্যদিকে প্রতিরোধী মনোভাবকে জাগ্রত করতে চেয়েছেন। 'কেউটের ছোবল' নাটকে অমল রায় একইসঙ্গে ড্রাগ ও সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে সোচ্চার হয়েছেন, বিশ্বায়নের ফলে 'অলীক পৃথিবী' নাটকেও অমল রায় বিশ্বায়ন বিরোধিতার সেই রূপকে দেখিয়েছেন যেখানে কীভাবে বৈদেশিক ষড়যন্ত্র আমাদের দেশীয় অর্থনীতি, মেধা ইত্যাদিকে

বিশ্বায়নের প্রভাব এই সময়ের নাটকেও পাওয়া যায় যথার্থভাবে। অমর মিত্রের 'বালিকা মঞ্জরী' গল্প অবলম্বনে ইন্দ্রাশিস লাহিড়ীর নাটক 'পিঙ্কিবুলি'তে চরম বাস্তবতার প্রয়োগ হলেও তা যেন এক সুললিত রূপকথা। এক মিষ্টিক চলন গোটা নাটক জুড়ে।

খ. থিয়েটারে রাজনীতির প্রসঙ্গ :

একুশ শতকের বাংলা নাটক ও থিয়েটারের অন্যতম বিষয় রাজনীতির প্রসঙ্গ। বিশ শতক জুড়ে বাংলা তথা ভারতীয় প্রেক্ষাপটের নানাদিকে রাজনীতি ও তার নানান অভিসন্ধির দিক সমাজ-সাহিত্যে বারবার প্রকট হয়ে উঠেছে। বাংলা সাহিত্যের বিভিন্ন প্রকরণের সঙ্গে নাটক ও থিয়েটার সমানভাবে রাজনীতির প্রসঙ্গকে সামনে এনেছে। একুশ শতকের বাংলা থিয়েটার চর্চায় মূলত বহুরূপী, নান্দীকার, সায়ক, পঞ্চম বৈদিক, সংসৃতি, সুন্দরম, চেতনা, রঙরূপ প্রভৃতি দলগুলির নাট্যপ্রযোজনায় মানুষের জীবন সমাজে রাজনীতির অনুষঙ্গকে তুলে এনেছেন। যেমন 'সন্দর্ভ'-র একটি নাট্য প্রযোজনা 'গহ্বর'। নাটকটি ২০০৬-এর ৩০ আগস্ট প্রথম অভিনীত হয় শিশির মঞ্চে। নাটককার সৌমিত্র বসু দেখিয়েছেন কাহিনিতে দর্শক দেখতে পায় তার অতিপরিচিত দুর্নীতিপরায়ণ রাজনৈতিক নেতাকে। তার স্ত্রীর কাছে সে পরাজিত হয় সত্য মিথ্যার দ্বন্দ্বে। ন্যায় পরায়ণ স্কুল শিক্ষয়িত্রী তার স্ত্রী। কিন্তু নাটকে দেখানো হয়েছে সেও একটি অন্যায়ের প্রতিবাদ করতে গিয়ে জড়িয়ে পড়েন এক হত্যাকাণ্ডে; নিজেকে বাঁচাতে আপস করেন দুর্নীতির সঙ্গে। নাটককার, দর্শক যে পরিস্থিতির ইঙ্গিত দেয়—যেখানে অন্যায়ের সঙ্গে আপস করে যেমন বাঁচা যায় না, সেখানে প্রতিরোধ করে টিকে থাকার চেষ্টাটাও অর্থহীন। নাটককার এটাও দেখিয়েছেন—নিজেকে বাঁচানোর জন্য মানুষ রাজনীতিকে ঘৃণা করে, তাকে এড়িয়ে চলার চেষ্টা করে কিন্তু রাজনীতিকে কলুষমুক্ত করতে শিক্ষিত মধ্যবিত্তদের এগিয়ে আসা উচিত।

তথাকথিত জনদরদী নেতা একান্তে তার স্ত্রীর কাছে স্বীকার করে কীভাবে অশিক্ষিত গবির মানুষদের লোভ দেখিয়ে দলে টানা হয় এবং শিক্ষিত মধ্যবিত্তরা আত্মসম্মানবোধের স্বার্থ দেখে রাজনীতিকে এড়িয়ে যায়। শিক্ষিত মধ্যবিত্তকে রাজনীতির প্রত্যক্ষ আঙিনায় ফেরাতে এ নাট্য প্রযোজনা নাট্য দর্শকে আশাবাদী করে সন্দেহ নেই। অসামান্য অভিনয়ে জননেতার প্রবীরের ভূমিকায় সৌমিত্র বসু ও স্ত্রী রমলার ভূমিকায় সীমা দে অসামান্য অভিনয় করেছেন।

২০০৬ সালে বামফ্রন্ট বিপুল সংখ্যক আসন জিতে ক্ষমতায় আসে এবং তারপর শিল্পের জন্য শুরু হয় জমি অধিগ্রহণের প্রক্রিয়া। একদিকে শাসকের জমি অধিগ্রহণের প্রয়াস অন্যদিকে জমি মালিকদের আন্দোলন। অর্থাৎ জমি অধিগ্রহণকে কেন্দ্র করে শুরু হয় সরকার বিরোধী কৃষি জমি রক্ষা কমিটির আন্দোলন। স্বতঃই যুক্ত হয়ে যায় বিরোধী রাজনৈতিক দলগুলিও। সিঙ্গুর ও নন্দীগ্রাম হয়ে ওঠে আন্দোলনের আতুড়ঘর। এই সময়ে জর্জ অরওয়েলের 'অ্যানিম্যাল ফার্ম' (১৯৪৫) অবলম্বনে অর্পিতা ঘোষ সমকালীন প্রেক্ষাপটকে মিলিয়ে নাট্যরূপ দিলেন 'পশুখামার'। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কালের একটি গল্পকে ভেঙেচুরে পশ্চিমবঙ্গের সরকারের ফ্যাসিস্ট রূপকে তুলে ধরলেন নাটকে।

গ. ছোটোদের থিয়েটার :

বয়স্ক মানুষদের নাটকের চর্চার পাশাপাশি ছোটোদের নিয়ে তাদের জন্য নাটক চর্চার কাজ শুরু হয়েছে বিশ শতকের শেষ দশকে এবং একুশ শতকেও তার ধারা সমানভাবে চলছে। ১৯৮৯ সাল থেকে প্রায় দুশো স্কুলের ছেলেমেয়েদের নিয়ে নাটকের কাজ করেছে 'নান্দীকার' এবং ধীরে ধীরে তা আজ একটি প্রাতিষ্ঠানিক রূপ নিয়েছে। বস্তিবাসী পথশিশুদের নিয়েও নান্দীকার কাজ করে চলেছে। ২০০৪ সালে ভারত ও বাংলাদেশের তিনটি নাট্যসংগঠনের সঙ্গে এবং সুইডেনের একটি নাট্যদলের সহায়তায় ছোটোদের নাট্যচর্চা নিয়ে একটি প্রকল্প শুরু করে—'চিলড্রেন ভয়েস'।

ঘ. বাংলা নাট্য চর্চায় চেতনা ও তার বিবর্তন :

১৯৭০-১৯৭১ এর সময় পশ্চিমবঙ্গ তথা ভারতের রাজনৈতিক ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। চরম রাজনৈতিক টালমাটাল অবস্থার মধ্যে কোনো সুস্থ সাংস্কৃতিক কাজকর্ম তখন ছিল প্রায় অসম্ভব। এমনই একটি কালপর্বে শ্রী অরুণ মুখোপাধ্যায়ের নেতৃত্বে কিছু শিল্পভাবনায় ভাবিত মানুষের আগ্রহ ও উদ্দীপনায় জন্ম 'চেতনা'র। সালটা ছিল ১৯৭২-এর ২২ নভেম্বর। বাংলা থিয়েটারের ইতিহাসে সংযোজিত হল এক নতুন অধ্যায়ের। দীর্ঘ পঞ্চাশ বছরের পথ পরিক্রমা কোনো একটা পেশাদারী দলের পক্ষে যে অত্যন্ত শ্লাঘার বিষয় তার দাবিদার চেতনা। নাট্য শিল্পের পথ কখনোই আমাদের দেশে তথা পশ্চিমবাংলায় সুগম নয়—তাকে পদে পদে অতিক্রম করতে হয় নানা বাধা, অনেক প্রতিবন্ধকতা সে হতে পারে অর্থনৈতিক, সামাজিক বা রাজনৈতিক। চেতনা সেই বাধাকে অতিক্রম করে চলেছে তার যোগ্যতা নিয়ে। চেতনা তার তীক্ষ্ণ সচেতনতা নিয়ে বাংলা তথা ভারতবর্ষের থিয়েটারের ইতিহাসে শুধু

টিকে আসে তা নয়, সে বেঁচে আছে। নাট্য নির্বাচন, প্রযোজনা, অভিনয়ের উৎকর্ষের মধ্য দিয়ে একের পর এক সে তার শিল্প নৈপুণ্যের স্বাক্ষর রেখেছে। যার জন্য দর্শকের কাছে চেতনার নাটক সত্যিই চেতনা উদ্রেককারী। চেতনার প্রথম প্রযোজনা 'মারীচ সংবাদ' ১৯৭২-এ, যা তখনকার প্রতিক্রিয়াশীলদের দুর্গে আঘাত করেছিল সজোরে। তারপর 'ভালো মানুষের পালা', 'স্পার্টাকাস', 'রামযাত্রা' এবং তারপর বাংলা নাট্য চর্চায় সেই বিখ্যাত প্রযোজনা ১৯৭৭-এ 'জগন্নাথ'। এরপর 'পুতুল নাচের ইতিকথা', 'তিস্তাপারের বৃত্তান্ত', 'গন্তব্য' এবং সাম্প্রতিক প্রযোজনা 'ঘাসীরাম কোতোয়াল'।

ঙ. নৃত্য ও নাট্যের পরিকল্পনা: অলকানন্দা রায় (১৯৫১) :

অলকানন্দা রায়ের জন্ম ১৯৫১ সালে। নৃত্য শিল্পী হিসেবে তিনি প্রথম মঞ্চে ওঠেন চার বছর বয়সে 'চিলড্রেন্স লিটল থিয়েটারে' (CLT)। ভারতবর্ষের বিভিন্ন জায়গায় তিনি ঘুরেছেন CLT-র সঙ্গে এবং এগারো বছর বয়সে তিনি পেশাদার নৃত্যশিল্পী হিসেবে পরিচিতি লাভ করেন। তিনি মূলত নৃত্যশিল্পী হলেও নাট্যশিল্পী হিসেবেও খ্যাতিলাভ করেন। তিনি তাঁর সারাজীবনের প্রতিটি ক্ষেত্র থেকে যেমন বিচিত্র অভিজ্ঞতায় সমৃদ্ধ হয়েছেন, তেমনি যে পরিবেশ পরিস্থিতি তাকে উন্নততর করেছে সেখানেও তার প্রতিভার বিস্তর পরিবেশকে প্রভাবিত করেছে।

প্রথাগতভাবে তিনি তাঁর নৃত্যশিক্ষা শুরু করেন ১৯৬৩ সালে মঞ্জুলিকা দাসের কাছে। তিনি ভারতনাট্যম ও ওডিসি নাচের উপর ডিপ্লোমা ডিগ্রি পান। দেশে এবং বিদেশের বিভিন্ন জায়গায় তিনি তাঁর নাচের স্কুল 'চন্দ্রালোক'-এর নৃত্যের দল নিয়ে নৃত্যের অনুষ্ঠান করেছেন। যেমন ইউ এস এ, জাপান, সিঙ্গাপুর, লন্ডন বিভিন্ন দেশে। অলকানন্দা রায় বর্তমানে কাজ করে চলেছেন কলকাতার প্রেসিডেন্সি ও বাংলার বিভিন্ন সংশোধনাগারের সাজা প্রাপ্ত আসামিদের নিয়ে। তিনি ডান্স থেরাপির মধ্য দিয়ে বন্দিদের একটি বিকল্প মানসমুক্তির সন্ধান দিয়েছেন। তাদের দিয়ে সংশোধানাগারের মধ্যে ও বাইরে তিনি নৃত্য ও নাটকের অনুষ্ঠান করে চলেছেন। এটি তাদের আত্মসম্মান ফিরিয়ে আনা এবং তাদের একটি ভালো, আনন্দপূর্ণ জীবন দেওয়ার জন্য তাদের ব্যক্তিত্বের সেরাটা বের করে আনার ঐকান্তিক প্রয়াস।

চ. ব্লাইন্ডদের থিয়েটার—থিয়েটারে ব্লাইন্ডরা :

এই সময়ের নাট্যচর্চার ধারায় অন্যতম ব্যতিক্রমী ধারার দৃষ্টিশক্তিহীনদের দ্বারা থিয়েটার। 'শ্যামবাজার ব্লাইন্ড অপেরা' প্রতিষ্ঠিত হয় ১৯৯৬ সালে। এখন এই থিয়েটার দলের সদস্য সংখ্যা ৩০ জন এবং প্রত্যেকেই দৃষ্টিশক্তিহীন। এটি এমন একটি থিয়েটারি প্রয়াস এর মঞ্চ থেকে শুরু করে অভিনেতাদের সংলাপ ও বিষয় বিন্যাস সব সময় প্রথাগত থিয়েটারের সঙ্গে মেলে না। থিয়েটারে প্রত্যক্ষ সংযোগ হয় অভিনেতার সঙ্গে দর্শকের সুতরাং দর্শকের প্রত্যক্ষ আগ্রহ উদ্দীপনা একজন অভিনেতাকে আরো উদ্দীপ্ত করতে পারে তা স্বাভাবিক। কিন্তু ব্লাইন্ড অপেরা এটাই স্বাভাবিক যে শিল্পী স্বপন ঠাকুর, প্রাণতোষ

ভৌমিক গোপাল দাসরা তাদের পুরো অভিনয় জীবনে দর্শককে দেখেনি কিন্তু তারা অনুভব করে নেন স্বতঃস্ফূর্তভাবে।

ছ. উন্নত প্রযুক্তির ব্যবহার :

একুশ শতকের থিয়েটার ও থিয়েটারি ভাবনার সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িয়ে আছে উন্নত প্রযুক্তির ব্যবহার। মঞ্চ ভাবনার নান্দনিকতা ও সৃজনশীলতার থেকে শুরু করে আলোকসম্পাত, শব্দ প্রক্ষেপণ প্রভৃতির ক্ষেত্রে প্রযুক্তির ব্যবহার একটি অনিবার্য শর্ত। আধুনিক প্রযুক্তি নির্ভরতার নানান দিক একুশ শতকের প্রযোজনায় লক্ষ্য করার মতো। বিশেষ করে চেতনার 'মেফিস্টো', 'ডন তাকে ভালো লাগে' প্রভৃতি নাটকে। যেমন 'মেফিস্টো'তে মঞ্চ ভাবনা, আলোর ব্যবহার দৃশ্য থেকে দৃশ্যান্তরে দর্শককে আবিষ্ট করে রাখে। এবং একই সঙ্গে মাঝে 'সিনেমাটিক ভিসুয়ালাইজেশন' নাটকটিকে অন্য মাত্রা দিয়েছে সন্দেহ নেই। সঞ্চয়ন ঘোষ, সৌমিক চক্রবর্তী, পিয়ালি সাধুখাঁ, সুদীপ সান্যাল, দীনেশ পোদ্দার, খালেদ চৌধুরী, তাপস সেন প্রমুখ থিয়েটারে প্রযুক্তির উন্নততর ব্যবহার এনে থিয়েটারকে দর্শকের কাছে আরো আগ্রহী করে তুলেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে ষষ্ঠ অধ্যায়ে।

চতুর্থ অধ্যায়

একুশ শতকের নাটককার ও বাংলা নাটক

মোহিত চট্টোপাধ্যায় (১৯৩৪-২০১২)

কবি-নাটককার মোহিত চট্টোপাধ্যায় নিয়মিত নাটক লেখা শুরু করেন ১৯৬৩ থেকে। ১৯৫২ থেকে ১৯৭২ এই কালপর্বের মধ্যে তিনি পাঁচশয়ের বেশি কবিতা লিখেছেন এবং ১৯৬৩ থেকে ২০০৯ পর্যন্ত নাটক লিখেছেন শতাধিক। আমৃত্যু এই ধারা অব্যাহত ছিল। মোহিত চট্টোপাধ্যায়ের শতাধিক নাটকের প্রকাশকাল, প্রযোজনা, নাট্য সমালোচনার পরিচয় পাই। এই নাট্যকীর্তির মধ্য দিয়ে তাঁর নাট্যবৈভব অনুধাবন করতে পারি। নাটককার মোহিত চট্টোপাধ্যায়ের সত্তার নির্মাণ তাঁর কবি সত্তার উপর; প্রথমে তিনি কবি পরে নাটককার। কণ্ঠনালীতে সূর্য, নীল রঙের ঘোড়া, মৃত্যুসংবাদ, গিনিপিগ, ক্যাপ্টেন হুররা, রাজরক্ত প্রভৃতি উল্লেখযোগ্য নাটক দিয়ে মোহিত চট্টোপাধ্যায়ের নাটক রচনার শুরু ও খ্যাতির সূচনা এবং একুশ শতকে তাঁর নাটক ও নাট্য আলোচনা ।

মনোজ মিত্র (জন্ম – ১২ ডিসেম্বর ১৯৩৮)

নাটককার মনোজ মিত্র। অন্য সত্তায় তিনি অভিনেতা, নির্দেশক ও দর্শনশাস্ত্রের অধ্যাপক। রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের নাটক বিভাগের প্রাক্তন অধ্যাপক। ১৯৫৮ থেকে ২০২৪ এই দীর্ঘ ছয় দশকে তিনি শতাধিক নাটক রচনা করেছেন। অতি সাধারণ তুচ্ছ অনাদ্রিত-অনালোকিত মানুষ ও সমাজই তাঁর নাটকের বিষয়। সাধারণ জনগণের কামনা-বাসনা, সুখ-দুঃখ-ব্যর্থতা তাঁর নাটকে উঠে এসেছে নিরাসক্তভাবে। গ্রামজীবনের সারল্য, তাদের ভাষা আমাদের অন্যএক জগতে নিয়ে যায়। সাহিত্য-কাব্য দর্শন, ইতিহাস-পুরাণ-লোককথা-মিথ, বঞ্চিত মানুষের লড়াই ও বেঁচে থাকার অদম্য বাসনা তাঁর নাটকে নিজস্ব শৈলীতে স্বতন্ত্র রূপ নিয়েছে। উত্তর স্বাধীনতার যুগে বিজন ভট্টাচার্য-উৎপল দত্ত-বাদল সরকার-মোহিত চট্টোপাধ্যায়-মনোজ মিত্র এই পাঁচ জন নাটককার বাংলা নাটক ও নাট্যচর্চাকে বিশ্ব নাট্যচর্চায় তুলে ধরেছেন।

বিষয় ও ভঙ্গির বৈচিত্র্যে মনোজ মিত্রের নাটক সমকালের কাছে এক ব্যতিক্রমী প্রয়াস সন্দেহ নেই। কখনো হাসির নাটক, কখনো ক্রোধের নাটক, কখনো অপার রহস্যভরা তাঁর নাটকের শরীরে। মৃত্যুর চোখে জল(১৯৫৯), নীলকণ্ঠের বিষ(১৯৬১), চাকভাঙা মধু(১৯৬৯), নৈশভোজ(১৯৮৫), তক্ষক(১৯৬২), অশ্বত্থামা(১৯৬৩), ব্ল্যাক প্রিন্স(১৯৬৪), অবসন্ন প্রজাপতি (১৯৬৪), বেকার বিদ্যালংকার(১৯৬৪), আরক্ত গোলাপ(১৯৬৫), পাহাড়ি বিছে(১৯৭৬-৭৭)

চন্দন সেন -

নাটক একটি দ্বি-মুখী সাহিত্য প্রয়াস। একই সঙ্গে পাঠমুখীনতা এবং সেইসঙ্গে তার নাট্যমুখাপেক্ষীতাকেও স্বীকার করতে হয়। উনিশ শতকের মাঝামাঝি সময় থেকে সাম্প্রতিক সময় পর্যন্ত রচিত সব নাটকই যে একই উদ্দেশ্য যথাযথভাবে পালন করতে পেরেছে তা নয়। চন্দন সেন সেই সফল নাট্যকারদের মধ্যে একজন যার নাটকের নাটকের মধ্যে নাট্যনির্মাণের যাবতীয় সম্ভাবনার সুযোগ রয়েছে। নাটকের গ্রন্থনা, সংলাপ প্রভৃতির মধ্য দিয়ে যে অতিব্যঞ্জনা সৃষ্টি করতে পেরেছেন যা পাঠক দর্শকের কাছে তাঁর নাট্যকর্মকে পৌঁছে দিতে পেরেছেন। তাঁর নাটকের জনপ্রিয়তার অন্যতম কারণ—তিনি নাটকের বিষয়কে সময় থেকে সময়োত্তীর্ণ করেছেন তাঁর সাবলীল নাট্যভাবনার মধ্য দিয়ে। বাংলা নাটক ও নাট্যচর্চার ধারায় চন্দন সেন পঞ্চাশ বছরেরও বেশি সময় অতিক্রম করেছেন। তাঁর নাটকের সংখ্যাও শতাধিক। চব্বিশ বছর বয়সে রচিত 'নিহত সংলাপ' একাঙ্ক নাটক দিয়ে তাঁর নাটক রচনার শুরু।

তাঁর নাটক রচনা সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িয়ে আছে রাজনীতির বিষয়। চন্দন সেনের নাটক রচনা সূত্রপাত 'নিহত সংলাপ' দিয়ে (১৯৬৭) যখন সময়টা ষাটের দশকের শেষ, উত্তাল রাজনৈতিক আবহ, রক্তাক্ত, ক্ষতবিক্ষত পশ্চিমবাংলার সামগ্রিক পরিস্থিতি। একদিকে পুঁজিপতির স্বার্থচালিত শাসকগোষ্ঠীর দমন-পীড়ন অন্যদিকে মার্কসীয় মতাদর্শে বিশ্বাসী বামপন্থীদের গণবিক্ষোভে উত্তাল বাংলা।

ইন্দ্রাশিস লাহিড়ী -

ইন্দ্রাশিস ছিলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ছাত্র। সাহিত্যের প্রতি গভীর অনুরাগ এবং একান্ত জীবনমুখীনতা তাঁকে টেনে আনে নাটকের জগতে। প্রথম নাটক 'অগ্নিভূক'-এ নতুনত্ব লক্ষণ ছিল চোখে পড়ার মতো। একজন তরুণ নাটককারের প্রথম নাটক অথচ সমকালীন বা খ্যাতিমান কোনও নাটককারের বা নাটকের প্রভাব ছাড়া ইন্দ্রাশিস সম্পূর্ণ মৌলিক ভাবনার পরিচয় রাখলেন এ নাটকে। ইন্দ্রাশিস লাহিড়ীর খ্যাতির শুরু অন্য যে নাটক দিয়ে—চেকভের ছোটগল্প অবলম্বনে নাটক 'হরিপদ হরিবল'। 'চেতনা'র নাট্য উৎসবে সুমন মুখোপাধ্যায়ের নির্দেশনায় এ নাটক ব্যাপক জনপ্রিয়তা পায়। নাটকের বিষয় উপস্থাপন, সংলাপ ও কাহিনি দ্বন্দ্ব নির্মাণে বলিষ্ঠতার স্বাক্ষর আছে এ নাটকে। সাধারণভাবে এই গল্পের মধ্যে মিশে আছে 'কৃষ্ণ কৌতুক'। যেখানে মধ্যবিত্ত এক কেরানির নিত্যদিনের বাঁচা আর নিত্যদিন মৃত্যুর কাছে আত্মবিসর্জন একটা প্রাত্যহিক ঘটনার বিষয়। একেই নাটককার ইন্দ্রাশিস তাঁর সহজাত ভঙ্গিতে প্রকাশ করলেন, যেখানে 'কৃষ্ণ কৌতুকের' রূপটি ব্যবহৃত হলো অথচ প্রচলিত কোনও ধারা রীতিকে অবলম্বন না করে। নাটকের মধ্যে একই সঙ্গে কৌতুক মিশ্রিত জীবন ও জীবনের কারুণ্য প্রকাশিত হলো একই সঙ্গে। যেন জীবনের দুটি সহজাত রূপ কেউ কারো প্রতিদ্বন্দ্বী নয়, পরস্পরের পরিপূরক হয়ে দেখা দিয়েছে 'হরিপদ হরিবোল' নাটকে।

ইন্দ্রাশিস লাহিড়ির নাটক রচনা শুরু তার স্কুল জীবন থেকে—একটি ইংরেজি নাটকের অনুবাদ করেছিলেন 'মরবে ইঁদুর বেচারা'। বিষয় গ্রন্থণা ও সংলাপের বাস্তবধর্মীতায় অনুবাদ নাটকটি মূলকে অনুসরণ করলেও সময়ের স্বর ও ভাষাও উঠেছে স্বতঃস্ফূর্তভাবে। বাংলা নাটক ও নাট্য চর্চার সঙ্গে ইন্দ্রাশিসের মূলত পথ চলা শুরু হয় রামপ্রসাদ বণিকের হাত ধরে। রমাপ্রসাদ বণিক সমকালীন থিয়েটারের একজন প্রতিষ্ঠিত নাটককার, নির্দেশক ও অভিনেতা। ইন্দ্রাশিস লাহিড়ির সংযোগ সূত্র নির্মিত হয় রমাপ্রসাদ বণিকের সঙ্গে। রমাপ্রসাদ বণিক তখন নতুন দল তৈরি করেন 'চেনামুখ'। বহুরূপী থেকে বেরিয়ে তাঁর নতুন পথের দিকে পা বাড়ানো। এই সময় রামপ্রসাদ বণিকের পরামর্শে ইন্দ্রাশিস অনুবাদ নাটক রচনায় হাত দেন। রূপান্তর করতে থাকেন একের পর এক নাটক। সেই সময় তিনি সেই সময় তিনি টেনিসি উইলিয়ামসের স্ট্রিককার নেম ডিজায়ারকে বাংলায় অনুবাদ করেন। 'ইচ্ছেগাড়ি', 'চেনামুখ',-এর প্রযোজনায় ইচ্ছেগাড়ি সাফল্যের সঙ্গে অভিনীত হয়। এক কথায় রমাপ্রসাদ বণিক ও ইন্দ্রাশিসের যৌথ ভাবনায় ইচ্ছেগাড়ি এক অসামান্য সাফল্যের শিখরে ওঠে। বাংলা নাটক ও নাট্যচর্চায় ইন্দ্রাশিস লাহিড়ীর প্রথম সফলতা 'ইচ্ছেগাড়ি'। অর্থাৎ অনুবাদ নাটক দিয়েই।

ইন্দ্রাশিস লাহিড়ীর অন্যান্য নাটক—'দৃষ্টিকন্যা', 'লজ্জাতীর্থ', 'জলজ্যান্ত', 'লবডঙ্কা' ইত্যাদি।

দেবাশিস মজুমদার (জন্ম-২২ জুলাই ১৯৫০) –

দেবাশিস মজুমদার বিশ ও একুশ শতকের একজন প্রখ্যাত নাটককার, নির্দেশক এবং মঞ্চ-রূপকার। শূদ্রক নাট্যদলের প্রাণপুরুষ। কবিতা লেখা, ছবি আঁকা এবং রাজনীতির চর্চার পাশাপাশি সাহিত্য পাঠ ছিল তাঁর কাছে ভালোলাগার বিষয়। শৈশব-কৈশোর বিহারে কাটানোর জন্য তিনি হিন্দিটাও জানতেন খুব ভাল করে। একদিকে মার্কসীয় মতাদর্শের প্রতি আকর্ষণ, অন্যদিকে ভারতীয় সংস্কৃতির প্রতি তীব্র ভালোলাগার থেকে এবং রবীন্দ্রনাথের চিন্তা-চেতনার গভীর প্রভাব পড়েছে তাঁর উপর। শুরু হয়েছে নাটক লেখা ও নাট্যচর্চার। দেবাশিস মজুমদারের নাটকের ভাষা ও বক্তব্য স্পষ্ট। তাঁর লেখা বহু নাটক হিন্দি, ইংরেজির পাশাপাশি অন্যান্য প্রাদেশিক ভাষাতেও অনুদিত ও মঞ্চস্থ হয়ে চলেছে। যেমন – 'অমিতাক্ষর', 'রাঙামাটি', 'দানসাগর', 'সমাবর্তন', 'ঈশাবাস্য,' 'স্বপ্নসন্ততি', 'অসমাপ্ত' প্রভৃতি। আর্ত-বিপন্ন মানুষের কথাই তাঁর নাটকে বার বার উঠে এসেছে। তাঁর নাটকের প্রধান কিছু চরিত্র – পুনম-ঘিসু-নীহারবালা-মাধো-ত্বিষাস্পতি বাংলা নাটকের অপূর্ব সৃষ্টি।

তীর্থঙ্কর চন্দ (জন্ম ১ ফেব্রুয়ারি ১৯৫৯-) –

তীর্থঙ্কর চন্দ জন্ম গ্রহণ করেন আসামের কাছাড় জেলার পয়লাপুরে। তীর্থঙ্করের নাট্যমনন তৈরি হয়েছিল অধ্যাপক পিতা আর নাট্যকর্মী মায়ের প্রভাবে। বাবা ছিলেন গৌহাটি বিশ্ববিদ্যালয়ের

ইংরেজির অধ্যাপক। সেজন্য ছাত্রজীবন থেকেই তিনি একদিকে যেমন বাবার সান্নিধ্যে সেক্সপিয়র চর্চা করতে পেরেছিলেন তেমনই মায়ের সান্নিধ্যে নাটকের জগতের সঙ্গে তাঁর যোগ ঘটে স্বাভাবিকভাবে। ছাত্রজীবনেই তিনি কমিউনিস্ট পার্টির আদর্শে উদ্বুদ্ধ হন এবং শিলচরের গণসংগ্রাম ও সাংস্কৃতিক আন্দোলনের সঙ্গে নিজেকে যুক্ত করেন। বাড়িতেই ছিল একটি সাংস্কৃতিক পরিমণ্ডল ।
প্রাণিবিদ্যার অধ্যাপক হলেও নিয়মিত সাহিত্যচর্চা ছিল তাঁর আবেগ।

উজ্জ্বল চট্টোপাধ্যায় (জন্ম-২৫ নভেম্বর ১৯৬৪) –

উজ্জ্বল চট্টোপাধ্যায় এই সময়ের একজন খ্যাতিমান নাটককার। অর্থনীতির অধ্যাপক হলেও বাংলা নাটক রচনা ও নাট্যচর্চার ধারায় তিনি স্বকীয় ক্ষমতায় জায়গা করে নিয়েছেন। একদিকে যেমন মৌলিক নাটক রচনা, তেমনি বিভিন্ন সাহিত্য থেকে বিষয়কে নাট্যরূপ দিতেও তিনি স্বচ্ছন্দ। প্রায় দেড়শ নাটক তিনি রচনা করেছেন। উজ্জ্বল চট্টোপাধ্যায় নাটকের বিষয় ও প্রকরণে মোহিত চট্টোপাধ্যায়কে নাট্যগুরু বলে মনে করতেন তা তিনি তাঁর স্বীকারোক্তিতে জানিয়েছেন। ‘সংলাপ রচনা এবং গল্পবিন্যাসে মোহিত-নাট্যের মুগ্ধতা চখে পড়ে। অ্যাবসার্ড বা উত্তর আধুনিক নাট্যরচনায় তিনি মোহিত সৃজনের সার্থক উত্তরসূরি।’ উজ্জ্বল চট্টোপাধ্যায়ের কবিতা ‘ভাষানগর’, ‘রক্তমাংস’, ‘কবিকৃতি’, প্রভৃতি পত্রিকায় বেরিয়েছে।

ব্রাত্য বসু (জন্ম-২৫ সেপ্টেম্বর ১৯৬৯) -

ব্রাত্য বসু তিনি যেমন এই সময়কালের সফল নাটককার, পাশাপাশি তিনি একজন নাট্য পরিচালক, অভিনেতা, চলচ্চিত্র পরিচালক, চলচ্চিত্রাভিনেতা, প্রাবন্ধিক, অনুবাদক ও সম্পাদক। কালিন্দী ব্রাত্যজনেরও কর্ণধার ও ব্রাত্যজন নাট্যপত্রের সম্পাদক ব্রাত্য বসু।

গ্রুপ থিয়েটারের ইতিহাসে প্রথমদিকে বিদেশি নাটকের অনুবাদ দিয়ে প্রযোজনা শুরু করলেও ষাটের দশকে এসে বাদল সরকার, মোহিত চট্টোপাধ্যায়, মনোজ মিত্ররা গ্রুপ থিয়েটারে মৌলিক নাটক হাজির করান এবং এই ধারার ক্ষেত্রে অন্যতম সংযোজন বলা যায় ব্রাত্য বসু। ব্রাত্য বসুর নাটকের বিষয় ও আঙ্গিক সমকালের কাছে আদরণীয় হয়ে ওঠে। তাঁর নাটক একই সঙ্গে যেমন মঞ্চসফল তেমনই তার সাহিত্যগুণও পাঠকের কাছে সমানভাবে স্বীকৃতি পায়। ‘অশালীন’ নাটকের বিষয় বৈচিত্র্য ও প্রয়োগ নৈপুণ্যে পাঠক ও দর্শকের মনে জায়গা করানো। নাটকের নামকরণে ‘অশালীন’ নামটি থাকলেও নাটকটির বিষয় প্রকৃতপক্ষে অশালীন নয়, বরং একটি সিরিয়াস নাটক এবং কিছু কিছু ক্ষেত্রে চরম হাস্যকর রয়েছে যা নাটকটির মানকে নাড়িয়ে তোলে। ‘মুখোমুখি বসিবার’ নাটিকের বিষয় নারী-পুরুষের হৃদয়ঘটিত জটিল বিষয় এবং পুরো নাটকের মধ্যে একটি কাব্যিক সৌরভ ছড়িয়ে আছে কিন্তু তা নাটকের গতিকে রুদ্ধ করেনি অথচ নাটকটিকে একটি অন্যস্বাদে উত্তোরণ করেছে।

পঞ্চম অধ্যায়

একুশ শতকের থিয়েটারে মহিলা পরিচালক

একুশশতকের বাংলা নাট্যচর্চার ধারাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যে সকল মহিলা পরিচালক তথা নির্দেশকের নাম অগ্রগণ্য, তাঁরা হলেন ঊষা গাঙ্গুলী, সোহাগ সেন, শাঁওলী মিত্র, জয়তি বোস, ঈশিতা মুখোপাধ্যায়, সুরঞ্জনা দাশগুপ্ত, সীমা মুখোপাধ্যায়, অর্পিতা ঘোষ, সোহিনী সেনগুপ্ত প্রমুখ।

ঊষা গাঙ্গুলী:

বাংলা নাটকচর্চা বা থিয়েটারের এক স্বতন্ত্র ব্যক্তিত্ব ঊষা গাঙ্গুলী। থিয়েটারে অভিনয় ও পরিচালনাকে নিজস্বতার সঙ্গে তিনি অন্বিত করেছিলেন। একজন সমাজকর্মীর মতোই তিনি থিয়েটারকে অবলম্বন করে সমাজের, দেশের সমস্যামূলক দিকগুলোকে জনমানসে তুলে ধরতে চেষ্টা করেছেন। তিনি নিজে হিন্দিভাষী হলেও কলকাতায় বসবাসের ফলে বাংলার সমাজ সংস্কৃতির কোনও সীমানা থাকতে নেই; সংস্কৃতি তার আপন টানে মানুষকে আকৃষ্ট করে। শিল্পবোধের উন্মেষের মধ্য দিয়েই মানুষের বোধের বারবার পুনর্জন্ম হয়। ছোটবেলা থেকেই ভারতীয় ধ্রুপদী নৃত্যের প্রতি তাঁর গভীর অনুরাগ থাকলেও জীবনের একটা পরে এসে থিয়েটারকেই জীবনের ব্রত হিসেবে ধরে নেন। তৈরি করলেন নতুন থিয়েটার দল 'রঙ্গকর্মী' (১৯৬০)। তিনি নিজেকে নাট্য নির্দেশক হিসেবে দেখার চেয়ে নিজেকে প্রকৃত অর্থে রঙ্গকর্মী বলতেই পছন্দ

শাঁওলী মিত্র:

এক নীরব নিস্তব্ধ একক সাধনার পরম্পরায় উত্তরাধিকার শাঁওলী মিত্র। একান্ত সাক্ষাৎকারে শুভঙ্কর মুখোপাধ্যায়কে শাঁওলী মিত্র জানিয়েছেন—'আমি খুব একা হয়ে যাচ্ছি ক্রমশ। আমি ছটফট করছি না। বরং ধীরস্থির হচ্ছি। তখন আমি নিজেকে নিয়ে বসে দেখছি, আর কেউ নেই। আমি একা।আমার বাবার মতো।' বাবা মায়ের একক একাগ্র সাধনার সুরের অনুরণন শাঁওলী মিত্র। তাঁর কথায় শম্ভু মিত্র ছিলেন তপস্বী এবং তৃপ্তি মিত্র তপস্বিনী। শম্ভু মিত্রের একাকিত্বের একটা পার্থক্যের কথা জানিয়ে তিনি বলেছেন—'মায়ের একাকিত্বে একটা উসখুস চঞ্চলতা ছিল। শম্ভু মিত্র ছিলেন একক সাধক। বাবার সেই নিস্তরঙ্গ একলাপনায় গভীরতা অতল।' শাঁওলী মিত্র সারাজীবন সেই অতলতর সন্ধান করে গেছেন।

উত্তরাধিকার সূত্রে থিয়েটার তাঁর একটা অঙ্গ। মাত্র চার বছর বয়সে প্রথম অভিনয় শুরু 'ছেঁড়াতার'-এ। এরপর 'দশচক্র' এবং 'ডাকঘর' করতে করতে কিশোরী থেকে যুবতী শাঁওলী।

১৯৭৪ সালে ঋত্বিক ঘটকের 'যুক্তি-তক্কো আর গপ্পো'-তে মা-মেয়ের বলিষ্ঠ অভিনয়। যদিও তিনি এরপর আর চলচ্চিত্রের অভিনয়ে নিজেকে আনেননি। নাটকই তাঁর ভালোবাসার জায়গা। জীবনের একটা পর্বে কালিপ্রসাদ ঘোষ, বহুরূপীরই সহঅভিনেতাদের সঙ্গে বৈবাহিক সম্পর্ক স্থাপন ও ১৯৭৭-এ বিবাহ বিচ্ছেদ হলো শাঁওলী-কালিপ্রসাদের। শম্ভু মিত্র বহিষ্কৃত হলেন বহুরূপী থেকে। তিনি তখন গৌতম বুদ্ধের জীবনী নাটক লিখছেন। নাটক শেষের আগেই তাঁর আর এক নির্বাণলেখ্য। তিনি বরণ করে নিলেন এক অসম্পূর্ণ অসমাপ্ত জীবন। একলা থাকার মন্ত্রে চালিত করলেন নিজেকে। একা, এক নিঃসঙ্গ জীবনকে অবলম্বন করলেন শম্ভু মিত্র। অন্যদিকে নিঃসঙ্গ একাকিনী তৃপ্তি মিত্র। ছাড়লেন বহুরূপীকে। তাঁদেরই উত্তরসূরি যেন সেই একলা থাকার মন্ত্রই সম্পদ করলেন জীবনে। সেতার সাধক বিলায়েত আলি খাঁর একটি উদ্ধৃতি ঋণ স্বীকার করে শাঁওলী মিত্র বলতেন—পৃথিবীতে দুটো নাটক হচ্ছে, একটা শম্ভু মিত্র, একটা করছে শম্ভু মিত্র, আর একটা তৃপ্তি মিত্র। পরে যদিও শেষ জীবনে ভগ্নশরীরে শম্ভু মিত্র, তৃপ্তি মিত্ররা আবার একসঙ্গে থাকতে শুরু করেছিলেন। এমনকি কালিপ্রসাদও।

শাঁওলী মিত্র এই শতকে এসে ২০০০ সালেই সৃষ্টি করলেন 'সুজন ব্রতীর সীমান্ত'। নাট্য পরিচালক হিসেবে যিনি জীবনের প্রথম অংশে এক একটা নাটক করতেন ৬/৭ বছর সময় নিয়ে কিন্তু এই শতকে এসে তাঁর মধ্যে যেন একটু দ্রুততা লক্ষ করা যায়—'পুতুল খেলা' (২০০২), 'রাজনৈতিক হত্যা' (২০০৪) এবং 'চণ্ডালিকা' (২০০৫)। শাঁওলী মিত্রের এই সময়ের প্রযোজনায় স্বতঃস্ফূর্তভাবে রাজনীতির প্রসঙ্গ এসেছে অনিবার্যভাবে। সমকালের রাজনীতির কদর্যতা ও ভয়াবহতার ছবি তুলে এনেছেন তাঁর নাটকে, প্রযোজনায়। শম্ভু মিত্র-তৃপ্তি মিত্রের ছায়ায় বেড়ে ওঠা শাঁওলী মিত্রও যেন বারবার একাকী, নিজের মতো করে সমাজের সমসাময়িক অহিতকর পরিস্থিতিকে পরিবর্তন করতে চেয়েছেন। যখন তাঁর আদর্শের পথে অন্তরায় হয়েছে সমকালের রাজনীতির ভাষা তখনও নিঃশব্দ প্রতিবাদে থেকেছেন অন্তরালে। এভাবেই তাঁর জীবননাট্যের শেষ যবনিকা পড়ে ২০২২-এ।

সীমা মুখোপাধ্যায়:

বিশিষ্ট নাট্য পরিচালক ঊষা গাঙ্গুলীর মতো সীমা মুখোপাধ্যায়ও বিশ্বাস করতেন একটা নাট্য প্রযোজনা কখনোই আমার হতে পারে না। ঊষা গাঙ্গুলী কখনোই নাট্যাভিনয় ক্ষেত্রে গুরু-শিষ্য প্রথা বিশ্বাস করতেন না। তাঁর দল যখন কোনও নতুন নাটক অভিনতের জন্য প্রস্তুত হতো তখন সব সদস্য একসঙ্গে মিলে বসে মতামতের মধ্য দিয়ে নাটকটি কীভাবে মঞ্চস্থ করা যাবে বা সফল নাট্য কীভাবে সম্ভব তা নির্ধারণ করতেন। এই আলাপচারিতা, আলাপ আলোচনার মধ্য দিয়ে কর্মশালা ভিত্তিক প্রস্তুতি নিতেন এবং নাট্য সাফল্যকে সবার মধ্যে ভাগ করে নিতেন। সীমা মুখোপাধ্যায়ও পরিচালক হিসেবে একই পথের নাট্যকর্মী। 'রঙরূপ' নাট্যদল ও সীমা মুখোপাধ্যায় নামটা যেন একে অপরের পরিপূরক। উল্লেখ্য, সীমা মুখোপাধ্যায় 'সমকালীন শিল্পীদল'-এর অম্বর রায়ের সঙ্গে 'সংস্তব'-এর হয়ে 'ধুনিস্তম্ভ' নাটকটিতে অভিনয় করেন দ্বিজেন বন্দ্যোপাধ্যায়ের পরিচালনায়। বস্তুত সমকালীন শিল্পীদল হয়তো

পরোক্ষে তাঁর পরিচালক জীবনের সূত্রপাতের অন্যতম সহায়ক। কারণ তিনিই সীমা মুখোপাধ্যায়কে প্রস্তাব দিয়েছিলেন মহিলা পরিচালকদের নিয়ে নাট্যমেলা আয়োজন করার। এবং ঘটনাচক্রে সেই সূত্রেই সীমা মুখোপাধ্যায়ের নাট্য পরিচালনায় যোগদান। তাঁর নির্দেশিত প্রথম নাটক তৃপ্তি মিত্রের 'বলি' (একাঙ্ক, ১৯৯৩)। 'বলি' নাটকের চরিত্রগুলির মধ্যে যে পারস্পরিক দ্বন্দ্ব ও নিজেকে অন্বেষণের তাড়না আছে সেটা তাঁকে ভীষণভাবে নাড়া দিয়েছিল। পরবর্তীতে 'পঞ্চম বৈদিক'ও 'বলি'-র শ্রুতি নাটক করে এবং সেখানেও সীমা মুখোপাধ্যায় পরিচালনা করেন।

অর্পিতা ঘোষ:

এই সময়ের অন্যতম জনপ্রিয় নাট্যব্যক্তিত্ব ও অভিনেত্রী ও পরিচালক অর্পিতা ঘোষ।

২০০২ সালে সুকুমার রায়ের 'হযরলব'—নাট্যরূপ দিলেন অর্পিতা ঘোষ, শাঁওলী মিত্রের পরামর্শ মতো প্রায় ২০ জন বাচ্চাকে নিয়ে। এবং এই সময়েই তাঁর প্রথম অনুবাদ নাটক বা ইংরেজি নাটক 'Crime Passionel'-এর নাট্যরূপ দিলেন 'রাজনৈতিক হত্যা' এই নাটকটি মঞ্চস্থ হয় ২০০৪ সালে এবং এই নাটকের মধ্যে দিয়ে দীর্ঘদিন দুর্বলভাবে চলতে থাকা 'পঞ্চম বৈদিক' আবার নতুনভাবে বেঁচে উঠল। ২০০২ সালের প্রযোজনা 'পুতুল খেলা' নাটকে অভিনয়ের পাশাপাশি সহকারের নির্দেশকের ভূমিকা পালন করেছেন। ২০০৫ 'চণ্ডালী' মঞ্চস্থ হয় শাঁওলী মিত্রের নির্দেশনায়। অর্পিতা ঘোষ প্রকৃতির চরিত্রে ও প্রকৃতির মায়ের ভূমিকায় শাঁওলী মিত্র নিজে অভিনয় করেন। নাটকের মধ্য দিয়ে লোকায়ত জীবন চর্চার একটি দিক উঠে আসে অর্পিতা ঘোষের জীবনদর্শনে। তাঁর কথায় লোকচর্চার প্রেক্ষিতে তৈরি এ নাটকের মধ্য দিয়েই যেন তাঁর জীবিনের বড়ো পরিবর্তন ঘটেছে তাঁর জীবনে। রবীন্দ্রনাথের 'চণ্ডালিকা' গদ্য নাটক ও নৃত্যনাট্য 'চণ্ডালিকা'র মধ্য দিয়ে যে মানবতাবাদ ও লোকজীবনের উত্তরণকে তুলে ধরা হয়েছে তাকে শাঁওলী মিত্র ও অর্পিতা ঘোষ সমকালীন সময়ের নারীর আত্মস্বাতন্ত্র্যবোধ ও মর্যাদাবোধকে রূপায়িত করেছেন বাস্তবোচিতভাবে। বৌদ্ধ ধর্মগ্রন্থ 'শার্দুল কর্ণাবদান' গ্রন্থে লোকায়ত জীবনের যে উত্তরণ তাকেই রবীন্দ্রনাথ 'চণ্ডালিকা' ও 'নৃত্যনাট্য চণ্ডালিকা' নতুনভাবে রূপায়িত করেছেন। এবং ২০০৫-এ 'পঞ্চম বৈদিক'-এর প্রযোজনায় 'চণ্ডালী'র মধ্য দিয়ে তাকেই সমকালীনতার সঙ্গে বেঁধেছেন আশ্চর্যভাবে। নারীর বাহ্যিক রূপ না তার আত্মশক্তির উদ্বোধনকে প্রকৃতিরূপী অর্পিতা ঘোষ ও প্রকৃতির মা হিসেবে শাঁওলী মিত্র পারস্পরিক বলিষ্ঠ অভিনয়ের মধ্য দিয়ে তাকে ফুটিয়ে তুলেছেন।

২০০৫-এ অরওয়েল-এর '1984' ও 'অ্যানিমাল ফার্ম' উপন্যাস দুটি পড়েছিলেন এবং মনস্থ করেন এর নাট্যরূপ দেওয়ার। করে তুলেছিল রাজনীতির কারবারিদের উদ্দেশ্য প্রকৃত অভিসন্ধি। তাই-ই যেন স্পষ্ট হয়ে উঠল এ নাটকে।

২০০৬-এ 'পশুখামার' মঞ্চস্থ হয় ২২

২০১১ সালে তাঁর নাট্য প্রযোজনা 'এবং দোযানী'। ২০১৩ ও ২০১৪-এ দুটি নাটক—একটি আর্থার কোয়েস্টলারের বিখ্যাত উপন্যাস 'ডার্কনেম অফ নুন'-এর নাট্যরূপ 'অস্তমিত মধ্যাহ্ন' ও ব্রাত্য

বসুর ‘দুটো দিন’ নাটক। ২০১৫ সালে মঞ্চস্থ হয় জীবনানন্দ দাশের উপন্যাসের নাট্যরূপ ‘কারুবাসনা’। এই নাটকের প্রযোজনায় দেবেশ চট্টোপাধ্যায়ের সিনোগ্রাফি নাটকটিকে অন্যমাত্রা এনে দেয়। সুজন মুখোপাধ্যায়, অনির্বাণ ভট্টাচার্য, জয় গোস্বামীরা নাটকের মঞ্চায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছেন।

২০১৭ সালের নাটক জঁ পল সার্ত্রের কাহিনি ‘দ্য ফ্লাইম’ অবলম্বনে নাট্যরূপ ‘মাছি’। এই নাট্যের মূল হলো ঈশ্বর ও মানুষের সম্পর্ক নিয়ে। ২০২০-র নাটিক ‘ভিট্রন’।

ষষ্ঠ অধ্যায়

একুশ শতকের থিয়েটারের নেপথ্যে

সমকালীন প্রেক্ষাপটের থিয়েটার চর্চার জন্য যা অত্যন্ত অপরিহার্য তা হল সামগ্রিক নাট্য প্রযোজনার মানকে উন্নত করতে হবে- যেখানে নাটকের বিষয় নির্বাচন থেকে তার উপস্থাপনের সামগ্রিক মননশীল শর্তকে মান্যতা দিয়ে।

আধুনিক সময়ের থিয়েটার চর্চার জন্য যে বিষয়কে স্মরণে রাখতেই হয় তা হল থিয়েটার এক স্বতন্ত্র শিল্পকলা। থিয়েটার অন্য শিল্পকলা থেকে সম্পূর্ণ স্বতন্ত্র এক কাঙ্ক্ষিত শিল্পচর্চার মাধ্যম।একুশ শতকে এসে থিয়েটারের ভাবনা এখন অনেকটাই পরিবর্তিত ও বিবর্তিতও।

সমকালীন থিয়েটারের শরীর নির্মাণে যে শর্তগুলি প্রধান হয়ে ওঠে সেগুলি থিয়েটারকে অন্য শিল্পকলা থেকে পৃথক করে। তা হল- নাটককার, নির্দেশক, অভিনেতা, আলোকশিল্পী, মঞ্চনির্মাতা, পোশাক পরিকল্পনাকারী, সংগীত-নিয়ন্ত্রক, রূপসজ্জাকার (Make-up man)- এদের সমবেত প্রয়াস। এদের পারস্পরিক বোঝাপড়ার মধ্য দিয়ে একটা সফল নাট্য অনুষ্ঠিত হয়। নাটককারের কাছ থেকে নাটকটি পাবার পর নাটকটির নিবিড় অনুশীলন বা পাঠ নির্দেশকের প্রাথমিক কর্তব্য। এবং নাটকটির আখ্যান বা বিষয়বস্তুর ভাবনা-চিন্তা নিয়ে অভিনেতাদের সঙ্গে একাধিক আলোচনার পর একটি নাট্য পরিকল্পনা তৈরি হবে। এমন নয় যে নাটককারের কাছ থেকে নাটকটি পাবার পরপরই নির্দেশক নাটকটি নিয়ে দ্রুত মঞ্চায়নের জন্য অভিনেতাদের নিয়ে মহলা শুরু করবেন এবং তা মঞ্চস্থ করতে যাবেন। নাটকটি কোথায় কোন অবস্থানে ও কোন দর্শকদের জন্য অভিনীত হচ্ছে সেটা সম্পর্কে স্পষ্ট ধারণা যদি না থাকে তাহলে নাট্যপরিকল্পনা ব্যর্থ হতে পারে। অতএব নাটক নির্বাচন থেকে দর্শকদের মানসিকতা, চাহিদা ও সমকালীন জনমানসের চাহিদাকে ভেবে নাট্য পরিকল্পনার সামগ্রিকতাকে বাস্তবায়িত করতে হবে। দ্বিতীয়ত, চিত্রকলা, ভাস্কর্য, সংগীত, কবিতা, প্রভৃতি একক অভিজ্ঞতা ভিত্তিক একক শিল্প নিবেদন হতে পারে কিন্তু থিয়েটার যেহেতু একটি সমবেত প্রয়াস, বহু মানুষকে নিয়ে- অসংখ্য মানুষের উদ্দেশ্যে নিবেদিত একটি শিল্প - সেজন্য একটি নাটককে মঞ্চস্থ করতে গেলে ভালো দর্শকমণ্ডলী একটি অপরিহার্য শর্ত।

ক. দৃশ্যপট ও মঞ্চনির্মাণ :

সিনোগ্রাফি (Scenography)- শব্দটিএই সময়ের নাট্যরূপায়ণের সঙ্গে উচ্চারিত একটি অতি পরিচিত। একটা মঞ্চের সামগ্রিক-স্থানিক সত্তার দৃষ্টিগোচর অবস্থা। প্রাচীন গ্রিসে সিনোগ্রাফির প্রবর্তন হলেও প্রাচ্যের দেশগুলির সঙ্গে ভারতে সিনোগ্রাফির বহুস্তরীয় তাৎপর্য নাটকের মূল বিষয়ের সঙ্গে নিবিড়তায় মিশে নাট্য বিষয়কে আরো অর্থবহ করে তোলে। প্রাচীন গ্রিসের মঞ্চের স্থান বা দৃশ্যপট

ব্যবহারের সূত্রই পরবর্তীতে উনিশ শতকে ভারতে প্রসেনিয়াম থিয়েটারের মধ্য দিয়ে একুশ শতকের পরিবর্তমান মঞ্চ ভাবনায় তাকে প্রতিফলিত হতে দেখা যায়। একটা নাট্য উপস্থাপনের যে সকল দৃশ্যপট বিন্যাস হয় তার সঙ্গে নাট্যের পোশাক, আনুসঙ্গিক উপকরণ বা সাহায্যকারী উপাদান, সহ আলোকসম্পাত, দৃশ্যসজ্জা এবং শব্দ প্রক্ষেপণের নানান উপকরণ দিয়ে। একটা নাটকের মঞ্চপরিকল্পনার সামগ্রিকতা নাটকের বিষয়ের পিছনে তাকে দর্শকের কাছে যথোপযুক্তভাবে পৌঁছে দিতে সাহায্যকারীর ভূমিকা নিয়ে থাকে। মঞ্চে ব্যবহৃত কোন দৃশ্যপট যখন দর্শক দেখে তখন দৃশ্য থেকে বিষয়ের গভীরতা আরো গভীরভাবে অনুভব করে।

খ. আলোকচিত্রণ :

থিয়েটারে আলোক-সম্পাতের বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আবার অন্যভাবে বলা যায় একটা সুপরিকল্পিত মঞ্চ প্রযোজনায় ও আলোক সম্পাতের বিষয়টা যেমন একদিকে ভয়ানক বিভ্রান্তির সৃষ্টি করতে পারে বা আবার সব পরিকল্পনা শেষেও আলোকের যথার্থ ব্যবহারও নাট্যবিষয়কে দর্শকের কাছে ঠিকমতো তুলে ধরতে নাও পারে। বিজ্ঞানের অগ্রগতির সঙ্গে সঙ্গে আলোক পরিকল্পনাও পরিবর্তিত হয়েছে। আলোক পরিকল্পনাও বিষয়ের সঙ্গে সম্পৃক্ত হবে এটা প্রাথমিক শর্ত। আলোক প্রক্ষেপণের জন্য থিয়েটারকে, মঞ্চকে, টেক্সটকে মুখস্থ করতে হয়। মঞ্চের সমগ্র পরিসর ও তার প্রতিটি স্থানিক ব্যবহার সম্পর্কে সুস্পষ্ট জ্ঞান না থাকলে যথার্থভাবে আলোকসম্পাত নাটকের বিষয়ানুগ না হতে পারার সম্ভাবনাই বেশি থাকে। অতএব টোটাল থিয়েটারকে মুখস্থ করতে হবে, তার কিউগুলোকে জানতে হবে। এই সময়ের নাট্য উপস্থাপনায় যে সকল আলোকচিত্রণ করা হয় আগেকার দিনে তা হত না। অর্থাৎ আধুনিক প্রযুক্তির ব্যবহার করে আলোকসম্পাত করা হয়। এখন নানা ধরনের ডিজিটাল লাইটিং কনসল্ ব্যবহার করা হয়, যা আগে হত না। যেগুলো বাংলায় ঠেলা ডিমার বলা হয় সেগুলোকে ব্যবহার করা হত। এখন যে 'বোর্ডে বসা' কথাটা মঞ্চের সঙ্গে সমানভাবে ব্যবহার করা হয়তা বোর্ড অর্থে 'ইলেকট্রিক্যাল সারকিট' যার মধ্য দিয়ে সহজে মঞ্চের বিভিন্ন রকম আবহ নির্মাণে আলোকে ব্যবহার করা যায়- কখনো বা তার ইনটেনসিটি বাড়িয়ে বা কমিয়েও। যতই আধুনিক প্রযুক্তির ব্যবহার হোক না কেন যথার্থ মহলার পর ও শেষ মুহূর্তের মঞ্চের আলোকচিত্রণের ব্যাপারটা নানারকম বিভ্রান্তি ও উত্তেজনা তৈরি করে।

সাম্প্রতিক সময়ের থিয়েটারের স্টেজের সঙ্গে আলোর টেকনিক্যাল সম্পর্কের জায়গাটা প্রাসঙ্গিক হয়ে উঠেছে। একটা সামগ্রিক মঞ্চপরিকল্পনা, নাট্যবিষয় উপস্থাপনের সঙ্গে সরাসরি সম্পর্কিত হয়ে গেছে আলোর ব্যবহার। আধুনিক সময়ের মঞ্চনাটকের আলোক বিন্যাসে তাপস সেন, সুদীপ সান্যাল, বাদল দাস, অশোক প্রামাণিক, দীনেশ পোদ্দাররা আলোক পরিকল্পনাকে সময়ের সঙ্গে সঙ্গে বিবর্তিত করলেন প্রযুক্তির হাত ধরে।

গ. শব্দ পরিকল্পনা–আবহ-সংগীত অনুষঙ্গ :

'নাটকে অন্ধকার সৃষ্টি আলোর সাহায্যে,
সেরকম নৈঃশব্দ্য সৃষ্টি হয় শব্দ দিয়ে...'

গৌতম ঘোষের এই অসাধারণ ব্যঞ্জনাময় উক্তি দিয়ে অংশটির আলোচনা শুরু করা যেতে পারে। নাটকে আলো ও শব্দের যে পারস্পরিক সম্পর্ক এবং দুটোই যে নাট্যপ্রযোজনার দুটি অন্যতম দিক তাকেই গৌতম ঘোষ সংক্ষেপে প্রায় সবই বলে দিয়েছেন। নাটকে সংগীতের ব্যবহার নিতান্তই নাটকীয় প্রয়োজনে। নাট্যবিষয়কে দর্শক চিত্তে স্থায়ীভাবে বিস্তার করতে সঙ্গীতের ব্যবহার। আর শব্দের বহুমাত্রিক ব্যবহার ও চলন দর্শককে বিমূর্ত ভাবনায় কোন এক জাগ্রত সত্তায় পৌঁছে দেয়।
যে কোনো শিল্পকলা, সাহিত্য উপলব্ধির বিষয়। তাকে অনুভব করতে হয় নিজস্ব উপলব্ধি ও ভাবের গভীরতা দিয়ে। একান্তভাবে নিজস্ব বুদ্ধি দিয়ে, ভাব দিয়ে, অনুভবের স্বকীয়তা দিয়ে তাকে ধরতে হয় নিজের মতো করে। কেউ বুঝিয়ে দিল এবং আমি বিষয়টা বুঝে গেলাম ব্যাপারটা এত তরলিত নয়। নিজস্ব কল্পনায় তার যে বিমূর্তভাব সৃষ্টি হয় এবং আমাদের হৃদয় সত্তাকে যখন আনন্দ দেয় তখন তা শিল্পকলা বা সাহিত্যের রূপ পায়। এবং ব্যক্তির নিজস্ব বোধের কাছে তার নান্দনিক সত্তা নিয়ে হাজির হয়। যেকোন শিল্পকলা জন্ম দেয় এক আনন্দ ও সুন্দরের - নিয়ে আসে আনন্দ ও মৈত্রীকে - যা শুধু শিল্পকলা ও সাহিত্যের বিষয় নয়, বিষয় যে কোন সুস্থ সংস্কৃতিরও। নাটক একই সঙ্গে তার দেহে আত্মস্থ করে শিল্পকলা ও সাহিত্যের সেই নান্দনিক গুণাবলীকে। এক অর্থে নাটকের মহাস্রোতে সামিল হয় শিল্পকলার নানান দিক। এর মধ্যে অন্যতম হিসেবে সংগীত এবং অবশ্যই শব্দানুষঙ্গ। নাট্যভাবের বন্ধনমুক্তির মাধ্যম হিসেবে শব্দক্ষেপণের বহুমাত্রিক ব্যঞ্জনা ও আবহসংগীত অপরিহার্য। সুপ্রাচীন কাল থেকে নাটকে সংগীতের ব্যবহার একটি সম্পূর্ণ ভিন্ন মাধ্যমে রূপায়িত হয়ে আসছে। এবং নাটকের নাটকীয়তাকে শিল্পিত করতে সংগীতে প্রয়োগ। Edward A. Wright তাঁর 'Understanding Today's Theatre' গ্রন্থে এ বিষয়ে জানিয়েছেন- 'Sound when used correctly, can develop the mood, build the crisis, set the period and sometimes establish the basic rhythm of production.' অর্থাৎ 'শব্দ যখন সঠিকভাবে প্রয়োগ করা হয় তখন তার মধ্য দিয়ে নাটকীয় গতি, সংকটের মুহূর্ত, কাল ও সময় নির্ণীত হয়। এবং কখনো কখনো নাট্যপ্রযোজনার প্রাথমিক ছন্দ প্রতিষ্ঠিত হয়।'

উপসংহার :

'একুশ শতকের বাংলা নাটক ও নাট্যচর্চার ধারা' বিষয়ে গবেষণায় দুটি গুরুত্বপূর্ণ দিক উঠে এসেছে। একদিকে এই সময়ের নাটক, তার বিষয় ও প্রকরণের নানা দিক। একুশ শতকের নাটকের বিষয় ও আঙ্গিক প্রকরণের কালসীমা যে সময়ের সুনির্দিষ্ট সীমা মেনে ২০০০ উত্তর সময়ই প্রাসঙ্গিক শুধু তাই নয়; একুশ শতকের নাটকের ক্ষেত্র নির্মিত হয়েছে গত শতাব্দীর শেষ দুই দশক ধরে। মূলত বলা চলে বিশ শতকের নয়ের দশকের গোড়ার সমাজ-অর্থনীতি ও রাজনৈতিক সমীকরণ বিশ্ব সাহিত্যের সঙ্গে ভারতীয় সাহিত্যের দিক পরিবর্তনের সূচক হয়ে উঠেছে। নাটকের ক্ষেত্রে বাদল সরকার, মোহিত চট্টোপাধ্যায়, মনোজ মিত্ররা সেদিক থেকে দুই শতকের নাটকের শিল্প-প্রকরণের ও বিষয় নির্বাচনের সেতুবন্ধনকারী। নাটককে ভালোবেসে এবং নাট্যশিল্পের প্রয়োজনে তাঁরা নাটককে ও তার প্রয়োগশৈলীকে সযত্নে পৌঁছে দিয়েছেন একটা শতাব্দী থেকে আরেকটি শতাব্দীর কাছে। বিশ শতকের আট ও নয়ের দশক জুড়ে বাদল সরকার বাংলা নাটককে তার প্রথাগত খোলস ছাড়িয়ে নতুন পথ দেখালেন। বিশ শতকের সাতের দশক ভারতীয় নাটকের কাছে খুবই গুরুত্বপূর্ণ অধ্যায়। ভারতবর্ষের চার প্রদেশ থেকে চারজন নাটককার উঠে এলেন, যাঁদের বয়সগত সময়ের ব্যবধানও খুব বেশি নয়, মাত্র ১৩ বছরের। দিল্লি থেকে হিন্দি নাটককার মোহন রাকেশ, পশ্চিমবঙ্গ থেকে বাদল সরকার, পশ্চিমের মুম্বাই থেকে মারাঠি নাটককার বিজয় তেন্ডুলকার এবং কর্ণাটক থেকে কন্নড় নাটককার গিরীশ কারনাড। ভারতীয় নাটকের কাছে এক মাহেন্দ্রক্ষণ। ভারতীয় নাটককে, নাট্যচর্চার ধারাকে নতুন যাত্রা পথের সন্ধান দিয়েছেন এই চতুষ্টয় নাটককার। এই চারজনের মধ্যে মোহন রাকেশ ১৯৭২-এ মাত্র ৪৮ বছর বয়সে মারা যান কিন্তু ভারতীয় নাটকের পরীক্ষালব্ধ নতুন ধারাকে বহন করে নিয়ে একুশ শতকে পৌঁছে দিয়েছেন বাদল সরকার, বিজয় তেন্ডুলকার ও গিরীশ কারনাড। বিজয় তেন্ডুলকার ও বাদল সরকার মারা গেছেন ২০০৮ ও ২০১১ সালে। কিন্তু তাঁরা তাঁদের বৌদ্ধিক নাট্যচর্চায় নাটককে আধুনিক পথের আলো দেখিয়ে গেছেন। গিরীশ কারনাড ভারতীয় নাটকের নতুন ধারাকে ২০১৯ সাল পর্যন্ত বহন করে গেছেন। বাদল সরকার বাংলা নাটক ও নাট্যচর্চার ধারাকে সঞ্জীবিত করেছেন তাঁর স্বতন্ত্র প্রতিভা দিয়ে। একজন সম্পূর্ণ সমাজসচেতন সংবেদনশীল মানুষ ছিলেন বাদল সরকার। সমাজের বুকে নিত্য ঘটে চলা ছোটো ছোটো ত্রুটিও যে একসময় ভয়ংকর হয়ে উঠতে পারে, তাকে চিহ্নিত করে গেছেন তাঁর লেখার মাধ্যমে। প্রথমত তাঁর নাট্য জীবনকে যদি দুই ভাগে ভাগ করা যায়, প্রথম অংশে অবশ্যই তাঁর নাটককার সত্তার পরিচয় উঠে আসে, যেখানে সমকালের কাছে তিনি ব্যতিক্রমী নাট্যপ্রতিভার স্বীকৃতিতে ভাস্বর হয়ে উঠেছেন এবং দ্বিতীয়াংশে অবশ্যই তাঁর নাট্যচর্চার সত্তা। যেখানে আবার তিনি তাঁর নাটক রচনা করেছেন একদিকে প্রসেনিয়ামের জন্যে এবং আরেকদিকে তাঁর নাটক অঙ্গন মঞ্চ বা তৃতীয় ধারার জন্য, যা 'থার্ড থিয়েটার' নামে বেশি পরিচিত। বাদল সরকার তাঁর এই নাট্য সংকল্পকে একুশ শতকের নাটক ও নাট্যচর্চার কাছে অর্পণ করেছেন।

মোহিত চট্টোপাধ্যায় বিশ শতকে তাঁর নাটক রচনা ও নাট্য চর্চা শুরু করলেও একুশ শতকেও সমানভাবে উজ্জ্বল। মোহিত চট্টোপাধ্যায়ের নাটকের বিষয় ও প্রকরণ সমকালের কাছে ব্যতিক্রমী। তিনি একুশ শতকে পৌঁছেও প্রায় চল্লিশের বেশি নাটক রচনা করেছেন। কিমিতিবাদী নাটককার নামে খ্যাত মোহিত চট্টোপাধ্যায়। বাদল সরকারের 'এবং ইন্দ্রজিৎ' নাটককে অ্যাবসার্ড নাটক

বললেও তা কি সত্যিই অ্যাবসার্ড? তেমনই মোহিত চট্টোপাধ্যায়ের 'কণ্ঠনালীতে সূর্য', 'মৃত্যু সংবাদ', 'চন্দ্রালোকে অগ্নিকাণ্ড' বা 'নীলরঙের ঘোড়া' সেই অর্থে কি সত্যিই অ্যাবসার্ড নাটক? আসলে এই গোত্রের নাটকের গঠন, চরিত্র চিত্রণ, মঞ্চ-প্রকল্প, আখ্যানের বয়ান বা সংলাপে আক্ষরিক অর্থে যেন অবাস্তবতা নেই। আছে সময় ও সমাজকে মূল্যায়ন করার কঠিন কঠোর দৃষ্টিভঙ্গি। মোহিত চট্টোপাধ্যার সেই ধারাকে বহন করে চলেছেন ২০১২ সাল পর্যন্ত। এবং দুই শতাব্দীর সেতুবন্ধনকারী বাংলা নাটককারদের মধ্যে মনোজ মিত্র বর্তমানেও তাঁর শিল্পীত সত্তার বহুমুখীনতার উপর সমানভাবে ক্রিয়াশীল।

একুশ শতকের নাট্যচর্চার মধ্যে গবেষণায় উঠে এসেছেন আরো যাঁরা—চন্দন সেন থেকে শুরু করে ইন্দ্রাশিস লাহিড়ী, বিভাস চক্রবর্তী, অশোক মুখোপাধ্যায়, দেবাশিস মজুমদার, তীর্থঙ্কর চন্দ, উজ্জ্বল চট্টোপাধ্যায়, মনীশ মিত্র, সৌমিত্র বসু, শেখর সমাদ্দার, ব্রাত্য বসু প্রমুখ নাটকাররা।

এই সময়ের নাট্যচর্চায় বিকল্প ধরণের কিছু প্রযোজনা সংযোজিত হয়েছে, যেমন মনীশ মিত্রের 'উরুভঙ্গম'। বাংলা নাটকের অভিনয়ের ধারাকে নতুন মাত্রা দিয়েছে, ৬ থেকে সাড়ে ৬ ঘণ্টার প্রযোজনা, সারা রাতের নাট্য। আবার নান্দীকার, ব্রাত্যজন, মিনার্ভা রেপারটরি, বিভাস চক্রবর্তীর নাট্য সংকল্প তাদের থিয়েটার ওয়ার্কশপ, সেমিনারের মধ্য দিয়ে সমকালীন নাট্য ভাবনার বহুমুখি দিককে তুলে ধরার চেষ্টা করেছে। একুশ শতকের থিয়েটারের আরেকটি অন্ধকারময় অধ্যায় অতিমারির সময়ের(২০২০-২০২১) সংকট। যেখানে অতিমারির সময়ে থিয়েটার শিল্পীদের দুর্দশার চিত্র পাওয়া যায়। রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের মানবীবিদ্যাচর্চা কেন্দ্রের একটি প্রকল্পে (অতিমারী উত্তরপর্ব : পশ্চিমবঙ্গে মহিলা শিল্পীদের জীবিকার ক্ষয়ক্ষতি ও নিরাপত্তাহীনতা) উঠে এসেছে মহিলা শিল্পীদের বয়ানে সংকটের ছবি। অতিমারীর আগে কেউ অভিনয় করতেন, কেউ বা নাচ, কেউ নাটক পরিচালনার কাজ করতেন, আবার কেউ নাটকের স্ক্রিপ্ট লিখতেন, কেউ মঞ্চপরিকল্পনা্র সাথে যুক্ত ছিলেন, অতিমারীর প্রকোপে পড়ে অন্যান্য অনেক পেশার মত নাট্যকর্মীদেরও কাজের জায়গায় সঙ্কোচন ঘটে। তাদের জীবন-জীবিকা সংকটের সামনে পড়ে।

একুশ শতকের নাটকের বিষয় আখ্যানে উঠে এসেছে—মূলত বিশ্বায়ন ও তার সূত্রে বাজারি অর্থনীতি, উদার অর্থনীতির প্রসঙ্গ, বিশ্বায়ন প্রসূত বাজার অর্থনীতির ভোগবাদ সর্বস্ব আত্মকেন্দ্রিকতা যে সংকীর্ণ মানসিকতার জন্ম দিয়ে চলেছে তার প্রসঙ্গ। গত শতাব্দীর নব্বইয়ের দশকের যে বিশ্বায়নের সূত্রপাত, তার প্রভাব সমাজ-অর্থনীতি ও রাজনৈতিক পরিসর বিশ্বজুড়ে প্রসারতা লাভ করেছে তাও গবেষণায় উঠে এসেছে। একুশ শতকের কাছে, বিশ্বজুড়ে সাম্রাজ্যবাদ ছাড়া সভ্যতার সংকটরূপে ধরা দিয়েছে। ভারতবর্ষ তথা বাংলার রাজনীতির পরিবর্তমান অবস্থার নানা উদগ্র চিত্রও এই পর্বের নাটকের শরীরে ধরা দিয়েছে। শাসকের ক্ষমতার হাতও প্রসারিত হয়েছে থিয়েটারের মতো স্বাধীন শিল্পসত্তায়। শিশু কিশোরদের নাট্য, ব্লাইন্ডদের থিয়েটার একুশ শতকে আরো বেশি করে অভিনীত হচ্ছে। বর্তমানের ভোগসর্বস্ব সমাজের একমুখীনতার নিগড়ে বাধা পড়ে শিশুমনের সার্বিক বিকাশ সম্ভব হচ্ছে না, তাই তাদের যদি তাদের স্বচ্ছন্দের পরিসরে ফিরিয়ে দেওয়া যায়, তার প্রয়াস এই পর্বের নাট্যচর্চায় অন্যতম অভিমুখ। বিশেষ করে একুশ শতকের থিয়েটারে 'চেতনা' তার বিভিন্ন প্রযোজনার মধ্য দিয়ে সমকালের সমাজ-অর্থনীতি, রাজনীতির ক্ষেত্রকে তুলে ধরে সমাজকে বার্তা

দিতে সক্ষম হয়েছে। সঙ্গে থিয়েটারে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে থিয়েটারের প্রচলিত পথে নতুন দিশা দেখিয়েছে।

নাট্য প্রযোজনার ক্ষেত্রে একুশ শতক স্বতন্ত্র। গবেষণায় ধরার চেষ্টা করা হয়েছে— খ্যাতিমান নাট্যনির্দেশক, অভিনেতা প্রভৃতির পাশাপাশি এই সময়ের সেইসব মহিলা পরিচালকদের কথা, যারা তারা তাদের সমাজমনস্ক মানসিকতায় থিয়েটারকে দর্শকের কাছে গ্রহনযোগ্য করে তুলে ধরেছেন। একুশ শতকের সার্বিক থিয়েটারি পরিকল্পনার নেপথ্য ভূমিকায় যারা থিয়েটারকে আরো জনপ্রিয় করার কাজে আত্মনিয়োগ করেন সেই নেপথ্য কারিগরদের প্রসঙ্গও গবেষণায় উঠে এসেছে। যেমন—মঞ্চ নির্মাণ, শব্দপ্রক্ষেপণ, আলোক সম্পাতের মতো জরুরি বিষয়গুলিতে যে প্রযুক্তির নানাবিধ ব্যবহার শুরু হয়েছে তা উল্লেখ করা হয়েছে।

একুশ শতকের নাট্যচর্চার যে ধারা কলকাতার শহরকেন্দ্রিক এবং তার বাইরে অর্থাৎ জেলায়ও যে নাট্যচর্চার মহতী যজ্ঞ চলছে সে বিষয়েও জেলার বিভিন্ন নাট্যদল থেকে যে তথ্য গৃহীত হয়েছে তা থেকে একটি ছবি স্পষ্ট যে, জেলার দলগুলি নানারকম প্রতিবন্ধকতার মধ্য দিয়ে সুস্থ একটি সাংস্কৃতিক চর্চা তারা করে চলেছেন। তাদের প্রযোজনায় অনেক সময় তাদের আঞ্চলিকতার ছাপকে তোলার প্রয়াস করেছেন। তবে অধিকাংশ নাট্যদলের নাট্যচর্চার ক্ষেত্রে যে নানারকম প্রতিবন্ধকতার মধ্য দিয়ে চলতে হচ্ছে তার অন্যতম হল অর্থনৈতিক সমস্যা। অনেক সময় আর্থিক সংগতির অভাবে তাদের ভালো প্রযোজনা করা সম্ভব হচ্ছে না। এবং দ্বিতীয়ত, তাদের নানা রকম রাজনৈতিক প্রতিবন্ধকতা যে তাদের সুস্থ সাংস্কৃতিক চর্চার পরিপন্থী, তাও তারা জানিয়েছেন।

‘একুশ শতকের বাংলা নাটক ও নাট্যচর্চার ধারা’ শীর্ষক গবেষণার ক্ষেত্রে নাটক ও নাট্যচর্চার নানা দিক স্পষ্ট হলেও গবেষণার ক্ষেত্রে কিছু সীমাবদ্ধতাও আছে। যেমন, প্রথমত, এই সময়কালের নাটককারদের নাটকগুলির সংগ্রহ সব ক্ষেত্রে যে একত্রে লভ্য তা নয়, আধিকাংশ থেকে বিভিন্ন নাট্যপত্রিকার পাতায় তা সীমাবদ্ধ। দ্বিতীয়ত, বিভিন্ন নাট্যদলের প্রযোজিত নাটকগুলির তথ্য ও তাদের কাছে সঞ্চিত না থাকায় একটি সঠিক মূল্যায়ন অনেক ক্ষেত্রে সম্পূর্ণ করা সম্ভব হয়নি। তবে এই গবেষণার মধ্য দিয়ে একুশ শতকের নাটক ও নাট্য চর্চার একটা সার্বিক চিত্র উঠে এসেছে।

গ্রন্থপঞ্জি

সহায়ক গ্রন্থ –

- অন্ধকারের সূর্য, রাখী মিস্ত্রী, পালক পাবলিশার্স, কলকাতা, প্রথম প্রকাশ: ফেব্রুয়ারি ২০২১,
- উত্তম সুচিত্রা, উজ্জ্বল চট্টোপাধ্যায়, লালমাটি প্রকাশন, কলকাতা, প্রথম প্রকাশ: ১ বৈশাখ ১৪২৪,
- অপেরা মাস্টার মুরারি রায় চৌধুরী, সম্পা. আশিস গোস্বামী, অনুপমা প্রকাশনী, কলকাতা, ২০২৩
- কালের মাত্রা ও রবীন্দ্র নাটক, শঙ্খ ঘোষ, দে'জ পাবলিশিং, কলকাতা, ষষ্ঠ সংস্করণ: ২০০৯
- ক্যানভাসের ও অন্যান্য নাটক, শেখর সমাদ্দার, লালমাটি প্রকাশন, কলকাতা, প্রথম প্রকাশ: ১ লা বৈশাখ ১৪৩০/১৫ এপ্রিল ২০২৩,
- গদ্যসংগ্রহ, অশোক মুখোপাধ্যায়, দে'জ পাবলিশিং, কলকাতা, প্রথম প্রকাশ: ফেব্রুয়ারি ২০২১, মাঘ ১৪২৭
- গ্রীক নাটক সংগ্রহ, ভাষ্য-ভাষান্তর-শিশিরকুমার দাশ, দে'জ পাবলিশিং, কলকাতা, পুনর্মুদ্রণ: জানুয়ারি ২০২১/মাঘ ১৪২৭
- চলচ্চিত্র মানুষ এবং আরো কিছু, ঋত্বিককুমার ঘটক, দে'জ পাবলিশিং, কলকাতা, পুনর্মুদ্রণ: অগ্রহায়ণ ১৪১৮/নভেম্বর ২০২১
- চাকদহ: ইতিহাস ও সংস্কৃতি, পবিত্র সরকার, সোম পাবলিশিং, কলকাতা, তৃতীয় সংস্করণ: ২০২৩
- চোর ও অন্যান্য নাটিকা, কৌশিক সেন, প্রতিভাস, কলকাতা, প্রথম প্রকাশ: বইমেলা, জানুয়ারি ২০১৬
- তাহার নামটি রঞ্জনা ও অন্যান্য, বিধায়ক ভট্টাচার্য, নবগ্রন্থ কুটির, কলকাতা, এপ্রিল ২০১৮
- তিনটি বিচিত্র পূর্ণাঙ্গ, উজ্জ্বল চট্টোপাধ্যায়, প্রতিভাস, কলকাতা, প্রথম প্রকাশ: আগস্ট ২০১৫,
- থিয়েটার যা দেখায় তা নিয়ে লেখা, বিভাষ চক্রবর্তী, প্রতিভাস,, কলকাতা, জানুয়ারি ২০১৫
- থিয়েটারের কথা, শঙ্খ ঘোষ, প্যাপিরাস, কলকাতা, ৫ ফেব্রুয়ারি ২০২২
- থিয়েটারের জলহাওয়ায়, সম্পাদনা: শেখর সমাদ্দার ও মিলি সমাদ্দার, প্যাপিরাস, কলকাতা, তৃতীয় মুদ্রণ: জানুয়ারি ২০২২
- থিয়েটারের ভাষা, বাদল সরকার, কালি কলম ও ইজেল, কলকাতা, চতুর্থ সংস্করণ: মাঘ ১৪২৯/ফেব্রুয়ারি ২০২৩
- দানসাগর ও অমিতাক্ষর, দেবাশিষ মজুমদার, দে'জ পাবলিশিং, কলকাতা, প্রথম প্রকাশ: জানুয়ারি ২০১২/মাঘ ১৪১৮

- নন্দিত ৩৫ সৃজন ও সত্তায়, আশিষ গোস্বামী, ঋত্বিক, বহরমপুর , প্রথম প্রকাশ: ৯ ডিসেম্বর ২০১৪,
- নয় এক্কে নয়, ইন্দ্রাশিস লাহিড়ি, কলাভৃৎ পাবলিশার্স, কলকাতা, জানুয়ারি ২০১০,
- নয় নাটক, অভি চক্রবর্তী, লালমাটি প্রকাশন, কলকাতা, প্রথম প্রকাশ: বইমেলা ২০১৭,
- নাটক ও নাট্যকার, অজিতকুমার ঘোষ, দে'জ পাবলিশিং, কলকাতা, দ্বিতীয় সংস্করণ: মার্চ ২০২১/ফাল্গুন ১৪২৭
- নাটক সৃজন: নাট্যচর্চা, চন্দন সেন, প্রতিভাস, কলকাতা, প্রথম প্রকাশ: ১২ আগস্ট ২০১৪,
- নাট্যমঞ্চ নাট্যরূপ, পবিত্র সরকার, দে'জ পাবলিশিং, কলকাতা, পুনর্মুদ্রণ ২০১৬
- নাট্যমুক্তি ও রবীন্দ্রনাথ, শেখর সমাদ্দার, প্যাপিরাস, কলকাতা, জানুয়ারি ১৯৯৮
- নাট্যসমগ্র, ব্রাত্য বসু, আনন্দ পাবলিশার্স, কলকাতা, পঞ্চম মুদ্রণ: আগস্ট ২০১৭
- নাটক সমগ্র ৩, ব্রাত্য বসু, আনন্দ পাবলিশার্স, কলকাতা, প্রথম সংস্করণ: এপ্রিল ২০১৬,
- নাটকসমগ্র ১, সৌমিত্র চট্টোপাধ্যায়, আনন্দ পাবলিশার্স, কলকাতা, দ্বিতীয় মুদ্রণ: জানুয়ারি ২০১৯,
- নাটকসমগ্র ১: মোহিত চট্টোপাধ্যায়, সম্পাদনা: সৌভিক রায়চৌধুরী ও সংগ্রামজিৎ সেনগুপ্ত, মিত্র ও ঘোষ, কলকাতা, চতুর্থ মুদ্রণ: শ্রাবণ ১৪২৬/জুলাই ২০১৯
- নির্বাচিত নাটক, চন্দন সেন, মিত্র ও ঘোষ, কলকাতা, দ্বিতীয় মুদ্রণ: বৈশাখ ১৪২৪,
- নাটকসমগ্র ৩, সৌমিত্র চট্টোপাধ্যায়, আনন্দ পাবলিশার্স, কলকাতা, প্রথম সংস্করণ: এপ্রিল ২০০৮,
- নেমেসিস, সম্পাদনা ও নির্দেশনা-অভি চক্রবর্তী, অভিযান, কলকাতা, প্রথম প্রকাশ: মে ২০১৬,
- পঞ্চব্যঞ্জন, দেবব্রত দাশগুপ্ত, কলাভৃৎ পাবলিশার্স, কলকাতা,প্রথম সংস্করণ: সেপ্টেম্বর ২০১৩,
- পঞ্চাশে একশো, সম্পাদক: অভি চক্রবর্তী,
- পপুলার পাঁচ নাটক, চন্দন সেন, দে'জ পাবলিশিং, কলকাতা প্রথম প্রকাশ: এপ্রিল ২০২০/বৈশাখ ১৪২৭,
- পথের শেষ কোথায়, আবু সয়ীদ আইয়ুব, দে'জ পাবলিশিং, কলকাতা দ্বাদশ সংস্করণ: মাঘ ১৪২৪/জানুয়ারি ২০১৮,
- পড়ে পাওয়া ষোলো আনা, খরাজ মুখোপাধ্যায়, লালমাটি প্রকাশন, কলকাতা, প্রথম সংস্করণ: ২০২৩,
- পূর্ণাঙ্গ নাটক সমগ্র, পরাণ বন্দ্যোপাধ্যায়, দে'জ পাবলিশিং, কলকাতা, প্রথম প্রকাশ: এপ্রিল ২০২৩/বৈশাখ ১৪৩০,
- বাবরের প্রার্থনা, ব্রাত্য বসু, লালমাটি প্রকাশন, কলকাতা, প্রথম প্রকাশ: ৯ জৈষ্ঠ্য ১৪১৬/২৪ মে ২০০৯,
- বাংলা নাটকের ইতিহাস, ড. অজিতকুমার ঘোষ, দে'জ পাবলিশিং, কলকাতা, ষষ্ঠ সংস্করণ: সেপ্টেম্বর ২০১৮, আশ্বিন, ১৪২৫,

- বাংলা নাট্য সমালোচনার কথা, আশিষ গোস্বামী, প্রতিভাস, কলকাতা, প্রথম প্রকাশ: বইমেলা, জানুয়ারি ২০২১,
- বাংলায় নবচেতনার ইতিহাস, স্বপন বসু, পুস্তক বিপনি, কলকাতা, ষষ্ঠ সংস্করণ: ২০১৬
- বিকেলে ভোরের সরষে ফুল, ব্রাত্য বসু, লালমাটি প্রকাশন, কলকাতা, প্রথম প্রকাশ: ৯ জৈষ্ঠ্য ১৪১৬/২৪ মে ২০০৯,
- বিলে ও দাদাঠাকুর, উজ্জ্বল চট্টোপাধ্যায়, লালমাটি প্রকাশন, কলকাতা, প্রথম প্রকাশ: জুলাই ২০১৩,
- বিষয় যখন নাটক, দীপেন্দু চক্রবর্তী, দে'জ পাবলিশিং,কলকাতা, প্রথম প্রকাশ: মাঘ ১৪২৫/জানুয়ারি ২০১৯,
- বিশ শতকের বাঙালি জীবন ও সংস্কৃতি, সম্পাদক-স্বপন বসু ও হর্ষ দত্ত, ভারবি, কলকাতা, দ্বিতীয় সংস্করণ: এপ্রিল ২০১০
- বিশ্বায়ানের তিন দশক, অনিন্দ্য ভুক্ত, বোধিসত্ত্ব, কলকাতা, প্রথম প্রকাশ: ২০২৩
- বীরভূমের নাট্য ইতিহাস, উজ্জ্বল মুখোপাধ্যায়, লালমাটি প্রকাশন,কলকাতা, প্রথম প্রকাশ: ২০২১,
- ভয়, ব্রাত্য বসু, লালমাটি প্রকাশন, কলকাতা , প্রথম প্রকাশ: ৯ জৈষ্ঠ্য ১৪১৬/২৪ মে ২০০৯,
- মঞ্চ অভিনয় নাট্যকলা ও রবীন্দ্রনাথ, পুলিন দাস, দে'জ পাবলিশিং, কলকাতা, প্রথম সংস্করণ: ২৫ বৈশাখ ১৪১৯
- মঞ্চ-চিত্রের বৃত্তান্ত, সম্পাদনা-দেবর্ষি বন্দ্যোপাধ্যায়, দে'জ পাবলিশিং, কলকাতা, প্রথম প্রকাশ: নভেম্বর ২০২১

- মঞ্চে শব্দ-বিজ্ঞান ও শব্দ-সংযোজন, নীরদবরণ হাজরা, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ১৯৮৬
- মরিচঝাঁপি ছিন্ন দেশ ছিন্ন ইতিহাস, মধুময় পাল, গাঙচিল, কলকাতা, পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ: ২০১৬
- মরুস্বর্গ, আবুল বাসার, আনন্দ পাবলিশার্স, কলকাতা ষষ্ঠ মুদ্রণ: সেপ্টেম্বর ২০১৯,
- ম্যাকবেথ, উজ্জ্বল চট্টোপাধ্যায়, লালমাটি প্রকাশন, কলকাতা, প্রথম প্রকাশ: মে ২০১৬,
- যেখানে বিচ্ছেদ, জয় গোস্বামী, প্রতিভাস, কলকাতা,প্রথম প্রকাশ: জানুয়ারি ২০০৮,
- রঙ্গনাট্য সংগ্রহ ১, উজ্জ্বল চট্টোপাধ্যায়, লালমাটি প্রকাশন, কলকাতা , প্রথম প্রকাশ: বৈশাখ ১৪২৪,
- রঙ্গবতী, খরাজ মুখোপাধ্যায়, লালমাটি প্রকাশন, কলকাতা , প্রথম প্রকাশ: ২০২৩,
- রবীন্দ্র নাট্য পরিক্রমা, উপেন্দ্রনাথ ভট্টাচার্য, ওরিয়েন্ট বুক কোম্পানি, কলকাতা, নবম সংস্করণ: আষাঢ় ১৪২৬
- রাজাবলী, আবুল বাসার, আনন্দ পাবলিশার্স, কলকাতা, চতুর্থ মুদ্রণ: সেপ্টেম্বর ২০১৭,
- শ্রেষ্ঠ নাটক একাদশ, মনোজ মিত্র, দে'জ পাবলিশিং, কলকাতা, প্রথম প্রকাশ: এপ্রিল ২০১৯/বৈশাখ ১৪২৬,

- সমাজ সচেতনতা ড্রাগ ও দূষণ বিরোধী নাটক, অমল রায়, লালমাটি প্রকাশন, কলকাতা , প্রথম প্রকাশ: ২০২০,
- সাতপাক, স্রোতস্বিনী দে, প্যাপিরাস, কলকাতা , জানুয়ারি ২০১৪/মাঘ ১৪২০,
- সুন্দর নাট্যসম্ভার ২, সংকলন ও সম্পাদনা: মনোজ মিত্র ও ময়ূরী মিত্র, দে'জ পাবলিশিং, কলকাতা, প্রথম প্রকাশ: জানুয়ারি ২০১৩/মাঘ ১৪১৯,
- In search of a Valmiki, Sujit Bhar, Boichitra, Kolkata, march 2021
- Scenography An Indian Perspective , Satyabrata Rout, Niyogi Books, New Delhi, 2022

প্রকল্প - অতিমারী উত্তরপর্ব : পশ্চিমবঙ্গে মহিলা শিল্পীদের জীবিকার ক্ষয়ক্ষতি ও নিরাপত্তাহীনতা, মানবীবিদ্যাচর্চা কেন্দ্র, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়, ২০২১-২০২২

নাট্য পত্রিকা –

- অন্য, সংখ্যা ৫, পৌষ ১৪৩০, ডিসেম্বর ২০২৩, সম্পাদক-বিভাস চক্রবর্তী
- চেতনা ৫০, চেতনা নাট্যপত্র, ২০২২

- দেশ বিদেশের নাট্য মেলা ২০১৫, ঋত্বিক, বহরমপুর, মুর্শিদাবাদ
- দেশ বিদেশের নাট্য মেলা ২০১৬, ঋত্বিক, বহরমপুর, মুর্শিদাবাদ
- দেশ বিদেশের নাট্য মেলা ২০১৭, ঋত্বিক, বহরমপুর, মুর্শিদাবাদ
- দেশ বিদেশের নাট্য মেলা ২০১৮, ঋত্বিক, বহরমপুর, মুর্শিদাবাদ
- দেশ বিদেশের নাট্য মেলা ২০১৯, ঋত্বিক, বহরমপুর, মুর্শিদাবাদ
- দেশ বিদেশের নাট্য মেলা ২০২২, ঋত্বিক, বহরমপুর, মুর্শিদাবাদ
- নাট্য আকাদেমি পত্রিকা, বাদল সরকার স্মারক সংখ্যা, সত্য ভাদুড়ি, প্রকাশ ২ সেপ্টেম্বর ২০১৪
- নাট্যচিন্তা, মহিলা পরিচালক, সম্পাদক-তন্দ্রা চক্রবর্তী, সংখ্যা, বর্ষ ৪২, ২০২৩
- নাট্যচিন্তা, সম্পাদক-তন্দ্রা চক্রবর্তী, বর্ষ ৩৩, সংখ্যা ১-৬, নভেম্বর ২৩—এপ্রিল ২০২৪
- নাট্যপত্র ২০২৩, বিংশতিতম সংখ্যা, সম্পাদক-ডা. তপনজ্যোতি দাস
- নান্দীপট, বার্ষিক নাট্যপত্র, ৩য় বর্ষ, ২০২১, কলকাতা
- ব্রাত্যজন নাট্যপত্র, ষোড়শ সংখ্যা, এপ্রিল ২০২৩, কলকাতা
- পঞ্চাশে একশো, অমল আলো প্রকাশ, অশোক নগর, ২০১৭
- পালা দৃশ্যকাব্য, ৩৪ বছর পূর্তি সংখ্যা, ২০২০, হাওড়া
- বালার্ক নাট্যপত্র, পঞ্চম বর্ষ দ্বিতীয় সংখ্যা, ডিসেম্বর ২০২৩

- রঙ্গপট নাট্যপত্র, অষ্টাদশ সংখ্যা, ২০২১, কলকাতা
- সায়ক নাট্যপত্র, নাটক সংখ্যা, ১৩(২১), ২০১৫, কলকাতা
- সায়ক নাট্যপত্র, নাটককার সংখ্যা, নবপর্যায়, ১৬(২৪), ২০২০
- সায়ক নাট্যপত্র, বর্ষ ৮, সেপ্টেম্বর ২০২০, সম্পাদক-মেঘনাদ ভট্টাচার্য
- সায়ক নাট্যপত্র, নাট্যলোচনা সংখ্যা, নবপর্যায়, ১৪(২২), ২০১৬
- সায়ক নাট্যপত্র, সাক্ষাৎকার সংখ্যা, নবপর্যায়, ১৭(২৫), ২০২২
- স্যাস নাট্যপত্র ৩৫, নাট্যবিষয়ক বার্ষিকী ২০২২

পরিশিষ্ট : ১

জেলাভিত্তিক নাট্যচর্চার ধারা (সাক্ষাৎকারধর্মী)

কলকাতা

রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় থিয়েটার রেপার্টরি
(নাটক বিভাগের প্রধান, অধ্যাপক শান্তনু দাসের সঙ্গে আলোচনা সূত্রে সংগৃহীত তথ্য)

রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় হল পূর্ব ভারতের প্রথম বিশ্ববিদ্যালয় যেটি তার প্রাক্তন ছাত্রদের জন্য একটি থিয়েটার রেপার্টরি স্থাপন করেছে। এই ঐতিহাসিক পদক্ষেপকে চিহ্নিত করার জন্য থিয়েটারের বিভিন্ন ক্ষেত্রে শিল্পীদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে এবং তাদের কাজের জন্য পারিশ্রমিক দেওয়া হচ্ছে। থিয়েটার রেপার্টরির মূল উদ্দেশ্য হল সারা দেশে থিয়েটার সম্পর্কিত রবীন্দ্র সংস্কৃতি এবং লোকসংস্কৃতিকে সমুন্নত করা এবং ছড়িয়ে দেওয়া। তরুণ শিল্পীদের থিয়েটারের পেশাদার জগতে পা রাখার জন্য এবং নাট্যজগতের বিশিষ্ট নাট্যব্যক্তিত্বদের পাশাপাশি অভিনয় করার জন্য প্রস্তুত করা হচ্ছে। প্রায় ২০ বছরের নিরন্তর প্রচেষ্টার পর, ২০১৪ সালের অক্টোবরে অবশেষে মাননীয় উপাচার্য অধ্যাপক সব্যসাচী বসু রায়চৌধুরীর বিশেষ সহায়তায় রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে একটি থিয়েটার রেপার্টরির সূচনা হয়। এ বিষয়ে রেপার্টরি করার জন্য বিশেষভাবে পদক্ষেপ নিয়েছিলেন প্রাক্তন নিবন্ধক ডভাস্কর সেনগুপ্ত এবং বিত্ত আধিকারিক শ্রী দেবদত্ত রায়। রেপার্টরির সম্পাদক হিসেবে . নহা রায় এবং অধ্যাপক সৌমিত্র বুশুভব্রত সি, অধ্যাপক পীযূষ চক্রবর্তীর উপদেষ্টায় এবং প্রধান নির্বাহী সদস্য হিসাবে শ্রী বিভাস চক্রবর্তী, অশোক মুখোপাধ্যায় এবং আরও অনেকের মতো বিশিষ্ট নাট্য ব্যক্তিত্বদের সহযোগিতা ও নির্দেশনাসহ রেপার্টরি করার লক্ষ্যে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় এগিয়ে নিয়ে যায় এবং রেপার্টরির কাজকর্ম চলতে থাকে।

ক্রমিক	নাট্যপ্রযোজনা	প্রথম ও শেষ	স্থান	নাটককার/অনুবাদক	নির্দেশক	অভিনয় সংখ্যা

		অভিনয়				
১.	বন্দি বিহঙ্গ	২৬ ডিসেম্বর ২০১৪ ও ২৮ ডিসেম্বর ২০১৭	জোড়াসাঁকো ঠাকুর দালান ও রাজীবপুর গার্লস স্কুল	নাটককার-রবীন্দ্রনাথ ঠাকুর	দেবাশিস চক্রবর্তী	৪০
২.	ফাগুন রাতের গপ্পো	২০ মার্চ ২০১৫ ও ৬ ফেব্রুয়ারি ২০১৭	জোড়াসাঁকো ঠাকুর দালান ও এলটিডি অডিটোরিয়াম, এন এস ডি ফেস্টিভ্যাল, নিউ দিল্লি	নাটককার-উইলিয়াম শেক্সপীয়ার, অনুবাদক-সৌমিত্র বসু	ড. তরুণ প্রধান	৪৫
৩.	বিসর্জন	১৬ জানুয়ারি ২০১৬ ও ১৩ সেপ্টেম্বর ২০১৬	আইসিসিএস, অডিটোরিয়াম ও মিনার্ভা থিয়েটার হল	নাটককার-রবীন্দ্রনাথ ঠাকুর	ড. সৌমিত্র বসু	৬
৪.	শারদোৎসব	২২ জানুয়ারি ২০১৭	মিনার্ভা থিয়েটার	নাটককার-রবীন্দ্রনাথ ঠাকুর	ড. দেভবাশিস রায়চৌধুরী	১০
৫.	আলাদিন	২০ মে ২০১৮ ও ৭ সেপ্টেম্বর	গিরিশ মঞ্চ ও মধুসূদন মঞ্চ	নাটককার-সোমনাথ সিংহ	ড. সোমনাথ সিংহ	৫

		২০১৮				
৬.	যখন অন্ধ প্রকৃতি চণ্ডালিকা	৯ মে ২০১৯ ও ১১ নভেম্বর ২০২২	জোড়াসাঁকো কবিপক্ষ ও জোড়াসাঁকো	নাটককার-শুভাশিষ গাঙ্গুলি	ড. শুভাশিষ গাঙ্গুলি	১১
৭.	মেচ দেশের কন্যা	৩১ ডিসেম্বর ২০২২	জোড়াসাঁকো ঠাকুর দালান	নাটককার-সৌমিত্র বসু	ড. তরুণ প্রধান	১২

রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় থিয়েটার রেপার্টরীর ২০২৪-এর প্রযোজনা, নতুন নাটক 'ঝিলিমিলি আঁকাবাঁকা', নাটককার রতন মানওয়ামাত্ম। নির্দেশক রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের নাটক বিভাগের অধ্যাপক গগণদীপ। গগণদীপ ন্যাশনাল স্কুল অব ড্রামার প্রাক্তনী এবং পাতিয়ালা পাঞ্জাব ইউনিভার্সিটি থেকে থিয়েটারে কৃতিত্বের সঙ্গে মাস্টার্স করেন।

জেলা - উত্তর ২৪ পরগণা

- **নাট্যদলের নাম**- অশোকনগর নাট্যমুখ
  নির্দেশক- অভি চক্রবর্তী
  নাট্যদলের প্রতিষ্ঠাকাল- ২০০০ সাল

- **নাট্যদলের নাম** - বারাসাত কাল্পিক
  নির্দেশক – দেবব্রত ব্যানার্জী
  নাট্যদলের প্রতিষ্ঠাকাল – ৩ জানুয়ারি ২০১১

- **নাট্যদলের নাম**-ঋতম্, মধ্যমগ্রাম
  নির্দেশকের নাম- গৌতম সেনগুপ্ত
  নাট্যদলের প্রতিষ্ঠাকাল- ১৯৭৬ সাল

- **নাট্যদলের নাম**- বারাসাত জাগরী (বারাসাত ইভনিং ক্লাবের নাট্যশাখা)
  সম্পাদক- শক্তিনাথ চট্টোপাধ্যায়

বর্তমান পরিচালক- সমরেশ বসু

- **নাট্যদলের নাম**- হিজলপুকুরিয়া জনজাগরণী, বাণীপুর
  বর্তমান নির্দেশক- রূপশ্রী সাহা
  নাট্যদলের প্রতিষ্ঠাকাল- ১৯৯৮ সাল

জেলা : হুগলী

- **নাট্যদলের নাম**- **এষণা, চচুঁড়া**
  বর্তমান নির্দেশক-সম্পাদক প্রদীপ বসু ঠাকুর এবং নাটককার ও পরিচালক একজনই শঙ্কর বসু ঠাকুর।
  নাট্যদলের প্রতিষ্ঠাকাল- ২০২৪ সালের ১ মে,

জেলা : হুগলী

- **নাট্যদলের নাম**- **ক্লাসিক থিয়েটার, চন্দননগর**
  বর্তমান নির্দেশক-পরিচালক চিন্তা মুখার্জি এবং সম্পাদক তুষার ভট্টাচার্য।
  নাট্যদলের প্রতিষ্ঠাকাল-১৯৭২-এর ২২ জুন

জেলা - মুর্শিদাবাদ

- **নাট্যদলের নাম—ঋত্বিক**
  নাট্যদলের কর্ণধার/প্রযোজক/সম্পাদক—সম্পাদক-মোহিত বন্ধু অধিকারী।
  নাট্যদলের প্রারম্ভিক কাল বা প্রতিষ্ঠা পর্ব—৮ মে ১৯৮০।

- **নাট্যদলের নাম — যুগাগ্নি**
  নাট্যদলের কর্ণধার/প্রযোজক/সম্পাদক—অনুপম ভট্টাচার্য্য (সম্পাদক)
  নাট্যদলের প্রারম্ভিক কাল বা প্রতিষ্ঠা পর্ব—১৯৭৪ সাল

জেলা – উত্তর দিনাজপুর

- **নাট্যদলের নাম**—কালিয়াগঞ্জ অনন্য থিয়েটার।
  নাট্যদলের কর্ণধার/প্রযোজক/সম্পাদক—বিভুভূষণ সাহা (দলের প্রতিষ্ঠাতা)
  নাট্যদলের প্রারম্ভিক কাল বা প্রতিষ্ঠা পর্ব—২২ মার্চ, ১৯৯২।

জেলা – দক্ষিণ দিনাজপুর

- **নাট্যদলের নাম - 'ত্রিতীর্থ'।**
  নাট্যদলের কর্ণধার/প্রযোজক/সম্পাদকের নাম-
  সম্পাদক-গোবিন্দ সরকার আর আজীবন সভাপতি-হরিমাধব মুখোপাধ্যায়।
  প্রতিষ্ঠা - ১৯৬৯ সালের ২৬ আগস্ট।

- **নাট্যদলের নাম** - বালুরঘাট নাট্যতীর্থ।
  সম্পাদক পরিমল মজুমদার। নির্দেশক শুভাশিস চক্রবর্তী।
  প্রতিষ্ঠা হয়- ১৯৮২ সালে

জেলা – মালদা

- **নাট্যদলের নাম**—বিষাণ একটি নাট্য সংস্থা। গাজোল

  নাট্যদলের কর্ণধার—তাপস বন্দ্যোপাধ্যায়। পরিচালক-গদাধর রায়।
  নাট্যদলের প্রতিষ্ঠাকাল—১৯৭৭ সাল ১২ই মে।

- **নাট্যদলের নাম** — মালদা থিয়েটার প্ল্যাটফর্ম
  নাট্যদলের কর্ণধার/প্রযোজক/সম্পাদক—সম্পাদক-সঞ্জীব কুমার দাস, প্রেসিডেন্ট-মান্না হালদার, নির্দেশক-সুব্রত পাল
  নাট্যদলের প্রারম্ভিক কাল বা প্রতিষ্ঠা পর্ব—
- আমাদের নাট্যদলের কাজ শুরু হয় ২০০৫ সালে কিন্তু আনুষ্ঠানিকভাবে এই নাট্যদলের প্রতিষ্ঠা হয় ২০০৬ সালের ১৮ ডিসেম্বর।

জেলা – আলিপুরদুয়ার

- **নাট্যদল : রানার নাট্য সংস্থা, ফালাকাটা**

  কর্ণধার : দিলীপ সরকার

জেলা – দার্জিলিং

- **উত্তাল নাট্যগোষ্ঠী, শিলিগুড়ি**

  পরিচালক- পলক চক্রবর্তী

  প্রতিষ্ঠাকাল- ১৯৭৭

জেলা – জলপাইগুড়ি

- **তরুণ নাট্য সংস্থা, ধূপগুড়ি**

  সম্পাদক - বাপ্পা পাল

- **প্রতিষ্ঠা** - ১৯৭৬ সালে

পরিশিষ্ট : ২

নাট্য দৃশ্য ও নাট্যচর্চার বিভিন্ন চিত্র



শিশির মঞ্চ
৩০ অগাস্ট ২০০৬

একটি সন্দর্ভ প্রযোজনা



অ্যাকাডেমি অফ ফাইন আর্টস
১৮ মে ২০০৮

একটি গান্ধার প্রযোজনা



SANDARBHA
নাটক, নির্দেশনা, অভিনয়ে
সৌমিত্র বসু
সন্দর্ভ প্রযোজনা



আরশি
প্রযোজনা
পুতুলের চিঠি
নাটক ॥ বিভাস চক্রবর্তী
নির্দেশনা ॥ অবন্তী চক্রবর্তী
প্রথম অভিনয় রজনী ৩১ ডিসেম্বর ২০০৬ • রবীন্দ্রসদন


কল্যাণী নাট্যচর্চা কেন্দ্র
শঙ্খ ঘোষের কবিতার অনুপ্রেরণায়
বাবরের প্রার্থনা
This Production is supported by a grant from
India Foundation for the Arts
প্রথম অভিনয় রজনী ৫ এপ্রিল ২০০৭ • অ্যাকাডেমি


মধুসূদন মঞ্চ
৪ মে ২০০৮
একটি রঙ্গপট প্রযোজনা

অ্যাকাডেমি অফ ফাইন আর্টস
১২ এপ্রিল ২০০৯

একটি কালিন্দী ব্রাত্যজন প্রযোজনা



শিশির মঞ্চ
২ ডিসেম্বর ২০০৯

একটি আখর প্রযোজনা


PAIKPARA
AKHOR
Regd. S/L/44167
একটি আখর প্রযোজনা
Jaan-E-Kalkatta
জান-এ-কলকাত্তা
A musical biography of Gaoharjaan
গওহরজান-এর সংগীত সমৃদ্ধ জীবন কথা
প্রথম অভিনয় রজনী ৪ নভেম্বর ২০০৯ • মিনার্ভা থিয়েটার


সাধবী
অ্যাকাডেমি অফ ফাইন আর্টস
১৩ মার্চ ২০১০
একটি নান্দীকার প্রযোজনা



মাধবী নাটকের যযাতির ভূমিকায় রুদ্রপ্রসাদ সেনগুপ্ত

জ্ঞান মঞ্চ
৩১ অগাস্ট ২০১১

একটি স্বপ্নসন্ধানী প্রযোজনা


বালিগঞ্জ
শিল্পসূচনা-র নতুন প্রযোজনা
বিজয় মুখোপাধ্যায় নিবেদিত
Play : Vijay Tendulkar
নাটক : বিজয় তেন্ডুলকর
Transcription : Vina Alasey
অনুবাদ : বীণা আলাসে
কন্যাদান
KANYADAAN
সম্পাদনা ও নির্দেশনা : ব্রাত্য বসু।
C A S T
Swatilekha Sengupta
Sewa
Sohini Sengupta
Jyoti
Meghnad Bhattacharya
Nath Deolalkar
Bratya Basu
Arun Athole
Bijoy Mukhopadhya
Jayprakash
প্রথম অভিনয় রজনী ৪ ডিসেম্বর ২০১০ • অ্যাকাডেমি

আ শৌর্য যমন্টু সি
মধুসূদন মঞ্চ
১ জুলাই ২০১২
একটি সুন্দরম প্রযোজনা


থিয়েটার ওয়ার্কশপের লোকনাট্য
কান্নাকে হারিয়ে উঠে আসে গান
বিয়ে-গাঙনি
কাঁদন-চাপা
রত্না রশীদের গবেষণা
চন্দন সেনের নাটক
সম্পাদনা / নির্দেশনা
অশোক মুখোপাধ্যায়
প্রথম অভিনয় রজনী ১৯ ফেব্রুয়ারি ২০১৪ • গিরিশ মঞ্চ


এ আবরণী
মধুসূদন মঞ্চ
২৮ জুন ২০১৩
একটি যোজক প্রযোজনা

জ্ঞান মঞ্চ
১৮ নভেম্বর ২০১৩

একটি নির্ণয় প্রযোজনা



্যাকাডেমি অফ ফাইন আর্টস
জুন ২০১৬

একটি একুশ শতক প্রযোজনা


KASBA ARGHYA PRESENTS
ভারত কথা
DIRECTION : MANISH MITRA
প্রথম অভিনয় রজনী ৩০ জুলাই ২০০৬ • অ্যাকাডেমি


এক অলোক সাধারণ মেয়ের কাহিনি
সায়ক
প্রযোজনা
দামিনী হে
Daamini-Hay
নির্দেশনা / Direction
মেঘনাদ ভট্টাচার্য
Meghnad Bhattacharya
SAYAK
Presents
প্রথম অভিনয় রজনী ২৫ সেপ্টেম্বর ২০১৪ • মধুসূদন মঞ্চ

অ্যাকাডেমি অফ ফাইন আর্টস
২৫ নভেম্বর ২০১৫

একটি হযবরল প্রযোজন



প্রথম অভিনয় রজনী ৯ অগাস্ট ২০০৬ • অ্যাকাডেমি

একটি বিডন স্ট্রিট শুভম্ প্রযোজনা

শিশির মঞ্চ
৯ অগাস্ট ২০০৮

বিভিন্ন নাট্যদলে ও অন্যান্য ক্ষেত্রে দীনেশ পোদ্দার-কৃত আলোকচিত্রণের কয়েকটি ছবি

শ্রেষ্ঠ আলো শিল্পী পুরস্কার, ২০০৫, পশ্চিমবঙ্গ সরকার



মেফিস্টো

য়াইন

বিভিন্ন নাট্যদলে মহম্মদ আলি-কৃত রূপচিত্রণের কয়েকটি ছবি